# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 23, 1430 Bangla, April 06, 2024, Saturday, No. 97, 54th year

# H I G H L I G H T S

AL GS Obaidul Quader says, 15 percent VAT on metro rail fares will be added from July, we don't know anything about who announced this suddenly. I will discuss this with the Prime Minister. (R. Today: 13)

About BNP's stand on India, Law, Justice, and Parliamentary Affairs Minister Anisul Huq has said BNP is talking nonsense due to its fear of political existence. (Jago FM: 16)

BNP SG Mirza Fakhrul Islam has said, it does not seem that Bangladesh is an independent country rather it seems that a facist regime is weighing on the country. (R. Today: 14)

Permanent representative of BD to UN Muhammad A Muhith has said that recent escalation in Rakhine affected the pace of the repatriation process, which was the ultimate solution to the Rohingya crisis. (VOA: 07)

Local media reports, abducted Ruma branch Sonali bank manager Nezam Uddin has been released 'in exchange of ransom. However, the law-enforcement forces and the family did not admit it. (DW: 08)

Within two hours of rescuing Sonali Bank manager Nezam Uddin, terrorists attacked Thanchi Bazar and police station again. Meanwhile, there was an incident of firing in Alikadam 26 Mile area of Bandarban. (Jago FM: 18; BBC: 03)

Attacks by the Kuki-China National Front (KNF) have raised doubts about the peace and security of Chittagong Hill Tracts and the effectiveness of last year's peace negotiations with them. (DW: 11)

At a seminar organized by the South Asian Network on Economic Modeling and the World Bank, experts opine the main obstacle to job creation in Bangladesh is the lack of policy reforms. (VOA: 07)

Regarding making submission of annual wealth statements by public servants non-obligatory, experts opine it will reduce accountability and is in conflict with the Prime Minister's declared 'zero tolerance' policy against corruption. (DW: 08)

The Indian Coast Guard has rescued 27 Bangladeshi fishermen stranded on their fishing boat at sea and handed over them to Bangladesh Coast Guard. (VOA: 07)

The death toll from a collision between a Chattogram-bound train and a sand-filled truck in Feni's Chhagalnaiya has increased to six. (Jago FM: 18)

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ২৩, বাংলা ১৪৩০, এপ্রিল ০৬, ২০২৪, শনিবার, নং- ৯৭, ৫৪তম বছর**

# শিরোনাম

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, হঠাৎ করে মেট্রোরেলের ভাড়ায় ১৫ শতাংশ ভ্যাট জুলাই থেকে বাড়বে, এই ঘোষণা কে দিলো এ সম্পর্কে আমরা কিছু জানি না। এটা নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলাপ করবো।
(রে. টুডে: ১৩)

ভারতের বিষয়ে বিএনপির অবস্থান প্রসঙ্গে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, অস্তিত্বের ভয়ে আবোল-তাবোল বলছে বিএনপি। (জাগো এফএম: ১৬)

বাংলাদেশকে স্বাধীন রাষ্ট্র নয়, ফ্যাসিবাদী রাষ্ট্র মনে হয় বলে মন্তব্য করেছেন বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল আলমগীর। (রে. টুডে: ১৪)

জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত বলেছেন, রাখাইনে সাম্প্রতিককালে উত্তেজনা বৃদ্ধির কারণে বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গাদের প্রত্যাবাসন প্রক্রিয়া ব্যাহত হচ্ছে। (ভোয়া: ০৭)

বান্দরবানে সোনালী ব্যাংকের রুমা শাখার অপহৃত ব্যাংক ম্যানেজার নেজাম উদ্দীন 'মুক্তিপণের বিনিময়ে' ছাড়া পেয়েছেন বলে জানিয়েছে স্থানীয় গণমাধ্যম। তবে আইন-শৃঙ্খলারক্ষাকারী বাহিনী ও পরিবার তা স্বীকার করেনি।
(ডয়েচে ভেলে: ০৮)

রুমা থেকে অপহৃত সোনালী ব্যাংকের ম্যানেজার নেজাম উদ্দিনকে উদ্ধার করার দুই ঘণ্টার মধ্যে আবারো থানচি বাজার ও থানায় হামলা করে সন্ত্রাসীরা। এদিকে বান্দরবানের আলীকদম ২৬ মাইল এলাকায় গোলাগুলির ঘটনা ঘটে।
(জাগো এফএম: ১৮; বিবিসি: ০৩)

গত বছর কুকি-চীন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) সমঝোতা করার পরও তাদের চালানো সাম্প্রতিক হামলা পার্বত্য চট্টগ্রামের শান্তি ও নিরাপত্তা নিয়েও সংশয় জাগিয়েছে। (ডয়েচে ভেলে: ১১)

সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম) ও বিশ্বব্যাংক কর্তৃক আয়োজিত এক সেমিনারে বিশেষজ্ঞরা বলছেন, বাংলাদেশে কর্মসংস্থানের প্রধান প্রতিবন্ধকতা নীতি সংস্কারের অভাব। (ভোয়া: ০৭)

সরকারি কর্মচারিদের সম্পদের বিবরণী জমা দেওয়ার বাধ্যবাধকতা তুলে নেওয়া প্রসঙ্গে বিশ্লেষকরা মনে করেন, এভাবে প্রায় ১৬ লাখ সরকারি কর্মচারীকে জবাবদিহিতা থেকে দায়মুক্তি দেওয়া প্রধানমন্ত্রীর দুর্নীতির বিরুদ্ধে ঘোষিত 'জিরো টলারেন্স' নীতির সঙ্গে সাংঘর্ষিক। (ডয়েচে ভেলে: ০৮)

ভারতের জলসীমা থেকে বাংলাদেশের মাছ ধরার ট্রলারসহ ২৭ জেলেকে উদ্ধার করে ভারতীয় কোস্টগার্ডের সদস্যরা। উদ্ধারের পর দ্বিপক্ষীয় সমঝোতার মাধ্যমে তাদের বাংলাদেশ কোস্টগার্ডের কাছে হস্তান্তর করা হয়। (ভোয়া: ০৭)

ঢাকা-চট্টগ্রাম রেলপথের ফেনীতে একটি বালুভর্তি ট্রাকে রেলের ধাক্কার ঘটনায় নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ছয়জনে। (জাগো এফএম: ১৮)

# বিবিসি বাংলা

## সশস্ত্র সংগঠন কেএনএফ-এর শক্তি আসলে কতটা?

বান্দরবানের রুমা ও থানচিতে দুটি ব্যাংকের তিনটি শাখায় ডাকাতির ঘটনায় নতুন করে আলোচনায় আসা সশস্ত্র সংগঠন কেএনএফ-এর বিরুদ্ধে শুক্রবার থেকেই সাঁড়াশি অভিযানের ঘোষণা দিয়ে এলিট ফোর্স র‍্যাব বলেছে সে অভিযানে 'পাহাড়ে জঙ্গি বিরোধী অভিযানের মতো সব ধরনের কৌশল' প্রয়োগ করা হবে। স্থানীয় পুলিশ জানিয়েছে যে তারা মনে করছে থানচিতে প্রকাশ্য দিবালোকে বাজার ঘিরে দুটি ব্যাংকের শাখায় হামলাকারী সশস্ত্র সন্ত্রাসীরা থানারই দেড় থেকে দুই কিলোমিটারের মধ্যে অবস্থান করে থাকতে পারে। তবে বৃহস্পতিবার গভীর রাতে আলীকদম উপজেলায় যে গোলাগুলির খবর এসেছে সেটি কোনো চেকপোস্টে হামলার ঘটনা ছিল না বলে জানিয়েছে স্থানীয় প্রশাসন।

২০২২ সালে পার্বত্য এলাকায় 'জঙ্গি বিরোধী' একটি সমন্বিত অভিযান চালিয়েছিলো নিরাপত্তা বাহিনী। তখন কেএনএফ বিরুদ্ধে 'জঙ্গি সংগঠন' জামাতুল আনসার ফিল হিন্দিল শারক্বীয়া সদস্যদের দুর্গম পাহাড়ে সশস্ত্র প্রশিক্ষণ দেয়ার অভিযোগ করা হয়েছিলো। ওই অভিযানের পর কেএনএফ এর সশস্ত্র তৎপরতা খুব একটা দৃশ্যমান ছিল না।

এদিকে, মঙ্গলবার রাতে রুমায় সোনালী ব্যাংকে ও বুধবার দুপুরে থানচি বাজারে সোনালী ও কৃষি ব্যাংকের শাখায় হামলার ঘটনার পর শুক্রবার অনেক মানুষকেই থানচি ছাড়তে দেখা গেছে। রুমা, থানচি ও রোয়াংছড়িসহ গুরুত্বপূর্ণ এলাকাগুলোতে নিরাপত্তা বাহিনীর শক্তি বাড়ানো হয়েছে। তবে থানচি গিয়ে চট্টগ্রাম পুলিশের অতিরিক্ত ডিআইজি সঞ্জয় সরকার মানুষজনকে আতঙ্কিত না হওয়ার পরামর্শ দিয়ে বলেছেন, এখন যে পরিস্থিতি আছে তা সামাল দেয়ার সক্ষমতা পুলিশের আছে।

ওদিকে ব্যাংকে হামলা, কর্মকর্তা অপহরণ ও অস্ত্র লুটের ঘটনায় রুমা ও থানচি থানায় শুক্রবার মোট ছয়টি মামলা হয়েছে বলে পুলিশ নিশ্চিত করেছে। রুমা ও থানচিতে হামলার ঘটনার পর স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান ওই ঘটনার জন্য কেএনএফকে অভিযুক্ত করেছেন। তবে কেএনএফ এর দিক থেকে এখনো এ বিষয়ে কোনো বক্তব্য আসেনি। কেএনএফ বা কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টকে 'বিচ্ছিন্নতাবাদী সংগঠন' হিসেবেই বিবেচনা করে বাংলাদেশের নিরাপত্তা বাহিনী। থানচি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জসিম উদ্দিন শুক্রবার সন্ধ্যায় বিবিসি বাংলাকে বলেছেন তাদের ধারণা থানচিতে হামলাকারী সশস্ত্র সন্ত্রাসীরা থানার দেড়-দুই কিলোমিটারের মধ্যেই অবস্থান করছে।

"পরিস্থিতি বিশ্লেষণ করে যা বুঝতে পারছি তাতে আমাদের মনে হয় আশেপাশের পাহাড়েই তারা আছে। তবে তাদের এমন কোনো শক্তি নেই যে তা নিয়ে উদ্বিগ্ন হতে হবে। একটা পরিস্থিতি হয়েছে সেটি মোকাবেলায় কার্যকর পদক্ষেপ নেয়া হচ্ছে। সন্ত্রাসীদের আইনের আওতায় নিয়ে আসা হবে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। কিন্তু তারপরও হুট করে ব্যাংকে হামলা করে টাকা ও অস্ত্র লুটের ঘটনার পর প্রশ্ন উঠছে কেএনএফ এর শক্তি আসলে কতটা এবং তারা কোনো ধরনের আঞ্চলিক আশীর্বাদ পাচ্ছে কি না।

বান্দরবানে এক সংবাদ সম্মেলনে র‍্যাবের মুখপাত্র খন্দকার আল মঈন বলেছেন তারা মনে করেন, গত কয়েক দিনে ব্যাংক ডাকাতি ও অস্ত্র লুটের ঘটনার দুইটি উদ্দেশ্য থাকতে পারে। "প্রথমত, টাকা লুটপাট ও অস্ত্র ছিনিয়ে নেওয়া এবং দ্বিতীয়ত নিজেদের সক্ষমতা প্রদর্শন করা"। কিন্তু এই সক্ষমতা বলতে কেএনএফের শক্তি বা সামর্থ্যের কথা বোঝানো হলে এই প্রশ্নও আসে যে প্রকৃত অর্থে কতটা শক্তিশালী এই কেএনএফ।

গত প্রায় এক বছরেরও বেশি সময় ধরে বান্দরবানের শান্তি আলোচনা বিষয়ে কেএনএফ এর বিভিন্ন সূত্রের সাথে যাদের যোগাযোগ হয়েছিলো তাদের কয়েকজন ধারণা দিয়েছেন যে কেএনএফ এর সামরিক শাখার সদস্য সংখ্যা সাড়ে তিনশ থেকে চারশোর মতো হতে পারে। একসময় পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির বিরুদ্ধে রাজনৈতিক বক্তব্য দিয়ে শুরু করা কেএনএফ ২০২২ সালের শেষ দিকে বেশ সক্রিয় ছিল ফেসবুকে। তখন ফেসবুকে ও ইউটিউব পোস্টে কেএনএফ তাদের সামরিক প্রশিক্ষণ ছাড়াও শুরু থেকেই সরকার ও জনসংহতি সমিতির বিরুদ্ধে আনুষ্ঠানিক বক্তব্য দিয়েছিলো। তারও আগে তারা ফেসবুকে জানিয়েছিলো যে তাদের একটি কমান্ডো দলও আছে যার নাম - হেড হান্টার কমান্ডো টিম। ওই বছরের জুলাই মাসে ফেসবুকে কেএনএফ জানায়, তাদেরে একদল কমান্ডো মিয়ানমারের কাচিন থেকে প্রশিক্ষণ নিয়ে ফিরে এসেছে। এরপর অগাস্টে সামরিক পোশাক পরিহিত একদল ব্যক্তির ছবি দিয়ে কেএনএফ দাবি করে এরা তাদের কমান্ডো।

পার্বত্য চট্টগ্রামে নিরাপত্তা বাহিনীর কর্মকর্তা হিসেবে কাজ করার অভিজ্ঞতা রয়েছে নিরাপত্তা বিশ্লেষক মেজর (অবসরপ্রাপ্ত) এমদাদুল ইসলামের। মি. ইসলাম বিবিসিকে বলছেন কেএনএফের শক্তি ও সমর্থন খুব একটা আছে তেমনটা তিনি মনে করেন না। "তবে আমার মনে হয় তাদের যথাযথ গুরুত্ব না দেয়ায় তারা একটু বড় হওয়ার সুযোগ পেয়েছে। পরে জঙ্গি ইস্যুটি সামনে আসার পর কর্তৃপক্ষ নড়েচড়ে এসেছে।

আবার কেএনএফ আলোচনায় আসায় হয়তো আত্মতুষ্টি তৈরি হয়েছে। সেই সুযোগেই এবারের ঘটনা ঘটেছে"। তবে কেউ কেউ আবার মনে করেন বান্দরবানের শান্তি প্রতিষ্ঠা কমিটির সাথে আলোচনায় আসার কারণে কেএনএফ-এর অভ্যন্তরীণ দ্বন্দ্বও এবারের হামলার একটি কারণ হতে পারে। "বিচ্ছিন্নতাবাদী সংগঠনগুলোর মধ্যে এটা দেখা যায় বিশ্বজুড়েই। মূল নেতৃত্ব সরকারের সঙ্গে আলোচনায় যেতে চাইলে পরবর্তী ধাপ বা অন্য স্তর থেকে আঘাত আসে। তারা

হয়তো ভাবে সমঝোতা হয়ে গেলে তাদের আর অর্জন কী থাকলো," বলছিলেন মি. ইসলাম। তার মতে রুমা ও থানচির ঘটনায় সেটিও একটি কারণ হতে পারে।

বান্দরবানের শান্তি আলোচনার সাথে ঘনিষ্ঠ একটি সূত্র বলছে তাদের ধারণা এই শান্তি আলোচনাকে ঘিরে কেএনএফ এর সামরিক ও রাজনৈতিক শাখার মধ্যে বিরোধ তৈরি হতে পারে। তবে এরও কোনো প্রমাণ নেই। কেএনএফ এর সাথে ভারতের মিজোরাম ও মিয়ানমারের কুকিদের সাথে যোগসূত্রের কথা শোনা গেলেও তার দৃশ্যমান প্রমাণ খুব একটা দেখা যায় না। আবার আরাকান আর্মির সাথেও কেএনএফ এর সখ্য সহজ নয় কারণ ঐতিহাসিকভাবেই কুকি ও মগদের মধ্যে বন্ধুত্বের চেয়ে সংঘর্ষই হয়েছে বেশি।

মেজর (অবসরপ্রাপ্ত) এমদাদুল ইসলাম বলছেন, মিজোরামে বম জনগোষ্ঠীর অবস্থান আছে তবে কেএনএফ তাদের আশীর্বাদ পাচ্ছে, বাংলাদেশে এসব করার জন্য, তেমনটা মনে হয় না। "মিজোদের সাথে এখানকার বমদের মিল আছে। কেএনএফের শীর্ষস্থানীয় কেউ কেউ সেখানেও যেতেও পারেন। আবার মিয়ানমারের আরাকান আর্মিও তাদের ব্যবহার করতে পারে বা যোগসূত্র তৈরি করতে পারে। কিন্তু এগুলো এখনো নিছক ধারণাই," বলছিলেন তিনি।

তবে বান্দরবানের কয়েকটি সূত্র বলছে, কেএনএফ এর মূল কেন্দ্র হলো বাংলাদেশ, ভারত ও মায়ানমারের সীমান্ত ট্রায়াঙ্গল। সেখানেই জিরো পয়েন্টে তাদের অবস্থান এবং তারা বাংলাদেশের ভেতরেই সক্রিয় থেকে কাজ করে বলে দাবি করেছে এমন কয়েকটি সূত্র। এসব সূত্রের দাবি ২০২২ সালে পাহাড়ে নিরাপত্তা বাহিনীর অভিযানের পর থেকে কেএনএফ বড় ধরনের অর্থ সংকটে পড়ে যায়। সে কারণেই সংগঠনটির একটি অংশ ব্যাংক ডাকাতির পরিকল্পনা করে থাকতে পারে। তা না হলে অন্য কোনো বিষয়ে অসন্তোষ থাকলে সেটি কেএনএফ এর দিক থেকে আগামী ২২শে এপ্রিল তৃতীয় সরাসরি আলোচনায় তুলে ধরার সুযোগ ছিল।

বৃহস্পতিবার রাতে প্রথমে থানচি বাজার এলাকায় কেএনএফের সাথে এক ঘণ্টার মতো গোলাগুলির খবর নিশ্চিত করেছিলো পুলিশ। পরে রাত একটার দিকে আলীকদমে পুলিশ ও সেনাবাহিনীর চেকপোস্টে হামলার খবর আসে। পরে প্রশাসন থেকে বলা হয় চেকপোস্টে হামলা হয়নি এবং এটি একটি ভুল বুঝাবুঝির ঘটনা। আলীকদম উপজেলা নির্বাহী কর্মকর্তা আতাউল গণি ওসমানি বিবিসি বাংলাকে বলেছেন, বৃহস্পতিবার রাতে থানচি আলীকদম সীমান্তের আলীকদম সড়কের ব্যারিকেড এলাকায় একটি বালু পরিবহনের ট্রাককে কেন্দ্র করে গুলির ঘটনা ঘটে। "ট্রাকটি সেখান দিয়ে যাচ্ছিলো। চেকপোস্টে হামলা বা আলীকদমে কোনো হামলার ঘটনা ঘটেনি। উঁচু সড়কের ওই স্থানে বাঁশের ব্যারিকেড ছিল। ব্যারিকেড অতিক্রম করলে পুলিশ গুলি করে। এছাড়া আর্মি, পুলিশ ও বিজিবি মুভ করার পর আর কোনো তৎপরতাও দেখা যায়নি," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

যদিও ওই সময় কয়েকশ রাউন্ড গুলির শব্দ শোনা গেছে বলে খবর এসেছে এবং পুলিশের পজিশন নেয়ার ছবি সামাজিক ও গণমাধ্যমে এসেছে। কেউ কেউ ধারণা করছিলো যে তিন্দু হয়ে রেমাক্রির দিকে যাওয়া কিংবা পাহাড় থেকে নেমে লামার দিকে যাওয়ার জন্যই থানচিতে হামলাকারী বন্দুকধারীদের একটি অংশ থানচি আলীকদম সীমান্তের ওই চেকপোস্টের কাছ দিয়ে যাচ্ছিলো। থানচি আলী কদম সড়কটি মূলত নির্জন পাহাড়ের ওপর দেশের সবচেয়ে উঁচুতে তৈরি করা সড়ক। আর সেই পথ হয়ে গেলে রেমাক্রি বা লামার দিকে দুর্গম পাহাড়ের ওই অংশে নিরাপত্তা বাহিনীর উপস্থিতি সাধারণত কম থাকে। মি. ওসমানী বলছেন আলীকদম উপজেলাকে তারা এখন পর্যন্ত নিরাপদ বলেই মনে করছেন।

আলীকদম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা তবিদুর রহমান বলছেন আলীকদমের যে ভৌগলিক অবস্থান তাতে এ ধরনের হামলার সুযোগ সেখানে খুব একটা নেই বলেই আমরা মনে করি। "একটা গাড়ি এসেছিলো। চেকপোস্টের ব্যারিকেডে পড়েছিলো। আবার থানচির দিকে চলে গেছে," বলছিলেন তিনি। বৃহস্পতিবার রাতের গোলাগুলির পর থানচি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জসিম উদ্দিনও মনে করছেন যে বন্দুকধারীরা থানচি এলাকাতেই অবস্থান করছে।

স্থানীয়রা জানিয়েছেন থানচি বাজারে আজও লোকজন দেখা যায়নি খুব একটা। অনেকে পরিবারের নারী ও শিশুদের অন্যত্র পাঠিয়ে দিচ্ছেন এমন দৃশ্য দেখা গেছে। সকালে থানচিতে সেনা টহল দেখা গেছে। এছাড়া বিজিবিকেও টহলরত দেখা গেছে। এর মধ্যেই সব দোকানপাট খুলেনি। থানচি বাজারের ২/৩শ গজের ভেতরেই রয়েছে থানচি থানা, একটি বিজিবি ক্যাম্প এবং বাজারের শেষ মাথায় রয়েছে সেনাবাহিনীর একটি চেকপোস্ট। থানচিতে গিয়ে শুক্রবার পুলিশের অতিরিক্ত ডিআইজি সঞ্জয় সরকার বলেছেন লোকজনের ভীত হওয়ার কোনো কারণ নেই।

"এই পরিস্থিতি মোকাবেলায় পুলিশের সক্ষমতা আছে। তাই উদ্বিগ্ন হওয়ার কিছু নেই," সাংবাদিকদের বলছিলেন তিনি। পাশাপাশি দুপুরেই বান্দরবানে সংবাদ সম্মেলন করে র‍্যাব জানায় যে আজ থেকেই কেএনএফ এর বিরুদ্ধে সাঁড়াশি অভিযান শুরু করবে সেনাবাহিনী, বিজিবি ও পুলিশ। (বিবিসি ওয়েব পেজ: ০৫.০৪.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### 'পার্বত্য চট্টগ্রামে সশস্ত্র সহিংসতার বিরুদ্ধে কঠোর অবস্থান নিচ্ছে সরকার': ওবায়দুল কাদের

পার্বত্য চট্টগ্রামে সশস্ত্র সহিংসতার বিষয়ে সরকার কঠোর অবস্থান নিচ্ছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, "সেখানে যৌথ অভিযান চলছে। শিগগিরই পরিস্থিতি শান্ত হবে।"

শুক্রবার (৫ এপ্রিল) সকালে রাজধানী ঢাকার মানিক মিয়া এভিনিউয়ে, মৎস্যজীবী লীগের ইদ উপহার বিতরণ অনুষ্ঠানে ওবায়দুল কাদের এ কথা বলেন। "পার্বত্য চট্টগ্রামে ছোট একটি গ্রুপ সশস্ত্র তৎপরতা শুরু করেছে। এই গ্রুপগুলো রাঙ্গামাটি, খাগড়াছড়িতে নেই। শুধু বান্দরবানে আছে। এই গোষ্ঠীর কিছু তরুণ অস্ত্রশস্ত্রসহ মহড়া দিচ্ছে;" যোগ করেন ওবায়দুল কাদের। তিনি আরো বলেন যে, এ বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনী যৌথ অভিযান চালাচ্ছে। আশা করা হচ্ছে, অচিরেই পরিস্থিতি শান্ত হবে। এই গোষ্ঠীর সশস্ত্র তৎপরতার ঘটনায় পুরো পার্বত্য অঞ্চল অশান্ত হবে এটা মনে করার কোনো কারণ নেই বলে জানান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। (ভোয়া ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ নারগীস)

## খাগড়াছড়িতে নিরাপত্তা জোরদার

বান্দরবানের রুমা ও থানচিতে সোনালী ও কৃষি ব্যাংকে ডাকাতির পর, খাগড়াছড়ির সরকারি ও বেসরকারি ব্যাংকগুলোতে নিরাপত্তা বাড়ানো হয়েছে। শুক্রবার (৫ এপ্রিল) এ তথ্য নিশ্চিত করেছেন খাগড়াছড়ি জেলা প্রশাসক মো.সহিদুজ্জামান। খাগড়াছড়ি জেলা সদর ও বিভিন্ন উপজেলার সদরের সরকারি ও বেসরকারি বিভিন্ন ব্যাংকের শাখা ব্যবস্থাপকরা জানিয়েছেন, নিরাপত্তা নিয়ে কোনো উদ্বেগ নেই। তবে বান্দরবানের ব্যাংক ডাকাতির পর থেকে সতর্ক অবস্থান নেয়া হয়েছে। আর, নিরাপত্তা বাড়ানো হয়েছে বলে জানান তারা।

খাগড়াছড়ি জেলা সদরের সোনালী ব্যাংকের এজিএম সমর কান্তি ত্রিপুরা বলেন, "ঘটনার পর ব্যাংকে ভার্চুয়ালি সভা হয়েছে। সেখানে নিরাপত্তা বাড়ানোর কথা বলা হয়েছে। এছাড়া, আইন-শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে নজরদারি বাড়ানো হয়েছে। এছাড়া আমাদের ব্যাংকের নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা রয়েছে।"

বাংলাদেশ কৃষি ব্যাংক খাগড়াছড়ি শাখার ব্যবস্থাপক দেবাশীষ ত্রিপুরা বলেন, "আমাদের কর্তৃপক্ষ নিরাপত্তা বাড়ানোর নির্দেশ দিয়েছে। যেহেতু জেলা শহরে আছি, তাই নিরাপত্তা নিয়ে তেমন উদ্বেগ নেই আমাদের। তবে সতর্ক আছি।" নিরাপত্তা কর্মীর সংখ্যা বাড়ানো হয়েছে বলে জানান দেবাশীষ ত্রিপুরা। বলেন, "এখন দুই জন গানম্যান দায়িত্ব পালন করবে। এছাড়া আইন-শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে নিরাপত্তা বাড়ানো হয়েছে। কোনো সংকট আছে কিনা তা জানতে চাওয়া হয়েছে নিরাপত্তা বাহিনীর পক্ষ থেকে।"

ডাচ বাংলা ব্যাংক খাগড়াছড়ি জেলা শাখার ব্যবস্থাপক মো.নুর উদ্দিন চৌধুরী জানান, সকাল থেকে একাধিকবার পুলিশ সদস্যরা ব্যাংক পরিদর্শন করেছে। সরকারিভাবে নিরাপত্তা বাড়ানো হয়েছে। ফলে নিরাপত্তা নিয়ে কোনো সংকট নেই। এছাড়া ব্যাংকের নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা রয়েছে বলে জানান তিনি।

খাগড়াছড়ির পুলিশ সুপার মুক্তা ধর বলেন, "আমরা সবাইকে বার্তা দিয়েছি তারা যেন সতর্ক থাকে। পুরো জেলায় পুলিশি নিরাপত্তার পাশাপাশি গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে। এ ছাড়া, যতটুকু নিরাপত্তা দরকার ততোটুকু নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।"

বান্দরবানে ব্যাংক ডাকাতির প্রেক্ষাপটে খাগড়াছড়ির সরকারি-বেসরকারি ব্যাংকগুলোতে নিরাপত্তা বৃদ্ধি করা হয়েছে বলে জানান জেলা প্রশাসক মো.সহিদুজ্জামান। তিনি বলেন, "ইতোমধ্যে বিভিন্ন ব্যাংকে নির্দেশ দেয়া হয়েছে। ব্যাংকগুলোতে পুলিশের সদস্য সংখ্যা বাড়ানো হয়েছে। নিরাপত্তা ব্যবস্থা বাড়ানো হয়েছে। এ ছাড়া জেলার কোর কমিটির বৈঠকে ব্যাংকের নিরাপত্তার বিষয়টি গুরুত্ব সহকারে আলোচনা হয়েছে।"

(ভোয়া ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ নারগীস)

## পরিবারের কাছে ব্যাংক ব্যবস্থাপক

অপহরণকারীদের হাত থেকে উদ্ধার করার পর, বান্দরবানের রুমার সোনালী ব্যাংকের ব্যবস্থাপক নিজাম উদ্দিনকে তার পরিবারের কাছে হস্তান্তর করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। শুক্রবার (৫ এপ্রিল) র‍্যাব সদর দপ্তরের মিডিয়া উইংয়ের সহকারী পুলিশ সুপার (এএসপি) ইমরান খান এ তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে বৃহস্পতিবার (৪ এপ্রিল) রাতে র‍্যাব সদস্যরা মধ্যস্থতার মাধ্যমে বান্দরবান জেলার বাথেলপাড়া এলাকা থেকে ব্যাংক ব্যবস্থাপক নিজামকে উদ্ধার করে। বৃহস্পতিবার বিকালে নিজাম উদ্দিনের স্ত্রী নাজমুল নাহার জানান, সশস্ত্র বিচ্ছিন্নতাবাদী সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) তার পরিবারের কাছে ১৫ লাখ টাকা মুক্তিপণ দাবি করেছে।

গত মঙ্গলবার (২ এপ্রিল) সোনালী ব্যাংকের রুমা শাখার ভল্ট থেকে দেড় কোটি টাকা লুটপাটের চেষ্টা করে বিচ্ছিন্নতাবাদী চক্র। টাকা নিতে না পেরে, ব্যাংকের রুমা শাখার ব্যবস্থাপক নিজামকে অপহরণ করে তারা। বুধবার বান্দরবানের থানচি উপজেলায় সোনালী ব্যাংক ও কৃষি ব্যাংকের শাখায় ডাকাতি করে বিচ্ছিন্নবাদীরা।

(ভোয়া ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ নারগীস)

## 'রোহিঙ্গাদের নতুন করে ঝুঁকিতে ফেলছে রাখাইন রাজ্যের চলমান সংঘাত': জাতিসংঘে রাষ্ট্রদূত মুহিত

জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত বলেছেন, ২০১৭ সালের রোহিঙ্গা সংকট আজো অমীমাংসিত রয়ে গেছে। এরই মাঝে রাখাইন রাজ্যে পুনরায় শুরু হওয়া সশস্ত্র সংঘাত এই এলাকার রোহিঙ্গা মুসলমানদের নতুন করে ঝুঁকির মুখে ফেলছে। বৃহস্পতিবার (৪ এপ্রিল) রাখাইন রাজ্যে সাম্প্রতিক উত্তেজনা বৃদ্ধি এবং বেসামরিক নাগরিকদের ওপর; বিশেষ করে রোহিঙ্গা সংখ্যালঘুদের ওপর; এর প্রভাব নিয়ে নিরাপত্তা পরিষদ আয়োজিত এক উন্মুক্ত বৈঠকে এ কথা বলেন তিনি।

রাখাইন রাজ্যের বর্তমান পরিস্থিতি নিয়ে নিরাপত্তা পরিষদকে অবহিত করেন জাতিসংঘের রাজনৈতিক এবং শান্তি বিনির্মাণ বিষয়ক সহকারী মহাসচিব খালেদ খিয়ারি এবং মানবিক সহায়তা সমন্বয় অফিসের পরিচালক লিসা ডাউটন। নিরাপত্তা পরিষদের সদস্য রাষ্ট্রগুলো ছাড়াও, সভায় মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ও বাংলাদেশের প্রতিনিধিরা বক্তব্য রাখেন।

রাষ্ট্রদূত মুহিত বলেন, "রাখাইনে সাম্প্রতিককালে উত্তেজনা বৃদ্ধির কারণে বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গাদের প্রত্যাবাসন প্রক্রিয়া ব্যাহত হচ্ছে।" পরিস্থিতির উন্নতি হলেই আবার এ প্রক্রিয়া শুরু করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এ সময় তিনি প্রত্যাবাসন ইস্যুতে প্রকৃত রাজনৈতিক সদিচ্ছা প্রদর্শন এবং ২০১৭ ও ২০১৮ সালে সই করা দ্বিপক্ষীয় প্রত্যাবর্তন চুক্তি বাস্তবায়নে বাংলাদেশের সঙ্গে কাজ করার জন্য মিয়ানমারের প্রতি আহবান জানান।

এছাড়া, রাখাইনে শান্তি ও স্থিতিশীলতা পুনরুদ্ধার করা এবং ভবিষ্যতে প্রত্যাবর্তনকারীদের রাখাইনে সফলভাবে পুনর্বাসনে সহায়তা করার জন্য তিনি আন্তর্জাতিক সম্প্রদায়, বিশেষ করে আঞ্চলিক সংস্থাসমূহ এবং আঞ্চলিক ও প্রতিবেশী দেশগুলোকে অর্থপূর্ণ এবং কার্যকরভাবে সম্পৃক্ত হওয়ার জন্য অনুরোধ করেন।

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশন ২৬৬৯ এর কথা উল্লেখ করে রাষ্ট্রদূত মুহিত বলেন, রাখাইনে একটি অনুকূল পরিবেশ তৈরি করার লক্ষ্যে, রোহিঙ্গা সংকটের মূল কারণগুলো মোকাবেলা করা জরুরি। এই সংকট মূলত মিয়ানমারের বিদ্যমান বৈষম্যমূলক আইনি ও রাজনৈতিক কাঠামোর মধ্যে অন্তর্নিহিত বলে উল্লেখ করেন তিনি। "এই অন্তর্নিহিত সমস্যাগুলোর সমাধান করা না গেলে, দ্বিপক্ষীয় ও আঞ্চলিক প্রচেষ্টাগুলোর সাফল্যের সম্ভাবনা খুবই কম;" যোগ করেন রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত।

মিয়ানমারে জাতিসংঘের উপস্থিতি জোরদার করার প্রয়োজনীয়তা, এবং নিরাপত্তা পরিষদের রেজ্যুলেশন ২৬৬৯ বাস্তবায়নের বিষয়ে নিয়মিত রিপোর্টিং, রোহিঙ্গা মুসলমানদের বিরুদ্ধে সংঘটিত অপরাধের জন্য জবাবদিহি নিশ্চিত করা এবং রাখাইনে সংকট সমাধানে বিভিন্ন সময়ে গৃহিত চুক্তি ও সুপারিশ বাস্তবায়নের বিষয়ে জোর দেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি। পাশাপাশি তিনি মিয়ানমারের অন্য সব জাতিগোষ্ঠির মতো রোহিঙ্গারাও যাতে সমাজে সমান মর্যাদায় প্রতিষ্ঠিত হতে পারেন সে লক্ষ্যে উপযুক্ত এবং টেকসই পরিবেশ তৈরিতে আন্তর্জাতিক অংশীদারদের যথাযথ ভূমিকার ওপর গুরুত্ব আরোপ করেন।

রোহিঙ্গাদের দীর্ঘস্থায়ী উপস্থিতির কারণে বাংলাদেশ যে নেতিবাচক সামাজিক, অর্থনৈতিক, পরিবেশগত এবং নিরাপত্তা সমস্যার সম্মুখীন হচ্ছে, সে কথা উল্লেখ করেন মুহিত। তিনি রাখাইন পরিস্থিতির প্রতি নিয়মিত দৃষ্টি রাখা এবং রোহিঙ্গা সংকটের একটি পূর্ণাঙ্গ ও টেকসই সমাধানে দ্রুত ও অর্থপূর্ণ পদক্ষেপ নেয়ার জন্য নিরাপত্তা পরিষদের প্রতি আহ্বান জানান। সভায় বক্তব্য প্রদানকারী অন্যান্য রাষ্ট্রের প্রতিনিধিরা মিয়ানমারে সম্প্রতি সংঘাত ও সহিংসতা বৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করেন।

তারা, মিয়ানমার কর্তৃপক্ষকে রাখাইন সংঘাতের মূল কারণগুলো মোকাবেলায় সব ধরনের ব্যবস্থা গ্রহণের জন্য; সব বাস্তুচ্যুত রোহিঙ্গা ও অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত ব্যক্তিদের নিরাপদ, টেকসই এবং মর্যাদাপূর্ণ প্রত্যাবর্তনের অনুকূল পরিস্থিতি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার আহবান জানান। বক্তারা নিরাপত্তা পরিষদের রেজুলেশন ২৬৬৯ অনুযায়ী মিয়ানমারে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার জন্য জাতিসংঘ ও আসিয়ানের প্রচেষ্টার প্রতি সমর্থন জানান। দশ লাখের বেশি বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে বাংলদেশ মানবিক নেতৃত্বের নিদর্শন রেখে যাচ্ছে বলে উল্লেখ করেন বক্তারা। তারা বাংলাদেশের প্রশংসা করেন এবং বাস্তুচ্যুত রোহিঙ্গারা নিরাপদে নিজ গৃহে ফিরে না যাওয়া পর্যন্ত প্রয়োজনীয় মানবিক সহায়তা প্রদানের জন্য সকলের প্রতি আহবান জানান।

(ভোয়া ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ নারগীস)

## বাংলাদেশের প্রধানমন্ত্রী ২৪ এপ্রিল থেকে ৬ মে পর্যন্ত তিনটি বহুপক্ষীয় ফোরামে যোগ দেবেন

চলতি এপ্রিল ও আগামী মে মাসে বহুপক্ষীয় ফোরামের গুরুত্বপূর্ণ কয়েকটি কর্মসূচিতে যোগ দিতে থাইল্যান্ড, সৌদি আরব ও গাম্বিয়া সফর করবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুক্রবার (৫ এপ্রিল) ঢাকায় কর্মকর্তারা জনিয়েছেন, শেখ হাসিনার এই ত্রিদেশীয় সফরের কর্মসূচি চূড়ান্ত করতে পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় প্রস্তুতি নিচ্ছে।

আগামী ২২ থেকে ২৬ এপ্রিল থাইল্যান্ডের ব্যাংককে জাতিসংঘ সম্মেলন কেন্দ্রে, ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কমিশন ফর এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিকের (এসকাপ) অষ্টম অধিবেশন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৪ এপ্রিল ব্যাংককের উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন বলে আশা করা হচ্ছে।

অষ্টম এসকাপ অধিবেশনের প্রতিপাদ্য হলো, লিভারেজিং ডিজিটাল ইনোভেশন ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট ইন এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিক। অষ্টম এসকাপ অধিবেশন টেকসই উন্নয়নের জন্য ২০৩০ এজেন্ডা বাস্তবায়ন ত্বরান্বিত করবে বলে মনে করছেন কর্মকর্তারা। একই সঙ্গে, ডিজিটাল উদ্ভাবন কাজে লাগাতে, এই অঞ্চলে সহযোগিতামূলক পদক্ষেপ জোরদার করার একটি সুযোগ হবে।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ডিজিটাল উদ্ভাবন কিভাবে আরো অন্তর্ভুক্তিমূলকভাবে অবদান রাখতে পারে, তা নিয়ে আলোচনা করতে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের শীর্ষ নেতা ও মন্ত্রী এবং অন্যান্য মূল অংশীজনদের প্রতিনিধি এই অধিবেশনে যোগ দেবেন। অংশগ্রহণকারীরা ডিজিটাল উদ্ভাবনের রূপান্তরমূলক সম্ভাবনাকে সম্পূর্ণরূপে উন্মোচনের

সুযোগগুলো চিহ্নিত করতে কাজ করবেন এবং টেকসই উন্নয়নে তাদের অবদান জোরদার করার পন্থাগুলো নিয়ে আলোচনা করবেন।

এদিকে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২৮-২৯ এপ্রিল রিয়াদে অনুষ্ঠেয় ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের 'গ্লোবাল কোলাবরেশন, গ্রোথ অ্যান্ড এনার্জি ফর ডেভেলপমেন্ট' শীর্ষক বিশেষ বৈঠকে যোগ দেবেন। প্রাথমিক পরিকল্পনা অনুযায়ী, ২৮ এপ্রিল তিনি রিয়াদে থাকবেন। এই বিশেষ বৈঠক সরকারি ও বেসরকারি খাতের নেতাদের অভিন্ন বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় সহায়তা করবে। বৈঠকটি এই অঞ্চল এবং এর বাইরে ফোরামের মূল উদ্যোগগুলোকে এগিয়ে নেবে। এর লক্ষ্য হলো, ক্রমবর্ধমান উত্তর-দক্ষিণ বিভাজন দূর করা; যা উদীয়মান অর্থনৈতিক নীতি, শক্তি রূপান্তর এবং ভূ-রাজনৈতিক অভিঘাতের মতো বিষয়গুলো মোকাবেলায় নীতি ও পথকে আরো প্রশস্ত করা।

বৈঠকে সকল খাত এবং শিল্প থেকে ৭০০ জনেরও বেশি নেতা অংশ নেবেন। এই ফোরাম, অর্থনৈতিক উন্নয়নের জন্য বিশ্বব্যাপী সহযোগিতাকে কাজে লাগানোর বিষয়ে একটি বিস্তৃত সংলাপ অনুষ্ঠানের সযোগ করে দেবে। অন্যদিকে গাম্বিয়া, ৪-৫ মে বাঞ্জুলে ওআইসি ১৫তম শীর্ষ সম্মেলন আয়োজনের জন্য প্রস্তুতি শেষ করেছে। গাম্বিয়া বলেছে, বাঞ্জুলে অনুষ্ঠেয় ১৫তম ওআইসি শীর্ষসম্মেলনের সাফল্য নিশ্চিত করতে তারা সম্ভাব্য সবকিছু করবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওআইসি সম্মেলনে যোগ দিতে আগামী ৩ মে গাম্বিয়া যাবেন। ৭ মে প্রধানমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে।
(ভোয়া ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ নারগীস)

## বাংলাদেশে কর্মসংস্থানের প্রধান প্রতিবন্ধকতা নীতি সংস্কারের অভাব, সেমিনারে বক্তরা

বেসরকারি বিনিয়োগে পিছিয়ে থাকায়, বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার চাকরির বাজারে উদ্বেগ রয়েছে বলে এক সেমিনারে মতামত তুলে ধরেছেন বিশেষজ্ঞরা। তারা এই পরিস্থিতির জন্য নীতি সংস্কারের অভাবকে দায়ী করেন। বৃহস্পতিবার (৪ এপ্রিল) রাজধানী ঢাকার ব্র্যাক সেন্টার ইন মিলনায়তনে 'দক্ষিণ এশিয়া কি কর্মহীন উন্নয়নের অভিজ্ঞতা অর্জন করছে' শীর্ষক সেমিনারের আয়োজন করে সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম) ও বিশ্বব্যাংক।

সেমিনারে অন্যান্য উদীয়মান বাজার ও উন্নয়নশীল অর্থনীতির তুলনায় দক্ষিণ এশিয়ার আশাবাদী প্রবৃদ্ধির পূর্বাভাস তুলে ধরেন বিশেষজ্ঞরা। তবে, তারা কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে উল্লেখযোগ্য প্রতিবন্ধকতার কথা উল্লেখ করেন এবং বিভিন্ন চ্যালেঞ্জের জন্য প্রয়োজনীয় নীতি সংস্কারের অভাবকে দায়ী করেন। বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়া বিষয়ক প্রধান অর্থনীতিবিদ ড. ফ্রান্সিসকা ওনসর্গ তার উপস্থাপনায়, কর্মসংস্থান সৃষ্টির বাধা দূর করতে নীতি সংস্কারের জরুরি প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

ড. ওনসর্গ-এর মতে, অন্যান্য উন্নয়নশীল অঞ্চলের তুলনায় বেসরকারি বিনিয়োগে পিছিয়ে রয়েছে এই অঞ্চল। আর জিডিপিতে এর অবদান খুব বলে উল্লেখ করেন তিনি। বলেন, এই বিষয়টি দক্ষিণ এশিয়ার চাকরির বাজারের জন্য একটি গুরুত্বপূর্ণ উদ্বেগ হিসেবে দেখা দিয়েছে। ড. ওনসর্গ, দক্ষিণ এশিয়ার নিম্ন বাণিজ্য-জিডিপি অনুপাত তুলে ধরেন এবং বাংলাদেশের তৈরি পোশাক (আরএমজি) খাত এবং ভারতীয় তথ্য-প্রযুক্তি (আইটি) শিল্পের মতো প্রবৃদ্ধির নির্দিষ্ট ক্ষেত্রগুলো তুলে ধরেন। বাণিজ্যের ক্ষেত্রে উচ্চ বাধা আরোপের জন্য বাংলাদেশের সমালোচনা করেন তিনি। বলেন, "এটি প্রবৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগকে বাধাগ্রস্ত করছে।"

সেমিনারে উপস্থিত ছিলেন সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান, এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেনের উপাচার্য ড. রুবানা হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক সায়মা হক বিদিশা এবং বাংলাদেশে বিশ্বব্যাংকের জ্যেষ্ঠ অর্থনীতিবিদ বার্নার্ড হ্যাভেন। নির্দিষ্ট আলোচকরা কর্মসংস্থান সৃষ্টি, কাজের গুণগত মান এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে কর্মশক্তিতে একীভূত করার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

বার্নার্ড হ্যাভেন কর্মসংস্থান সৃষ্টি এবং সামষ্টিক অর্থনীতির বিভিন্ন বিষয়ের মধ্যে আন্তঃসংযোগের ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বিদেশি প্রত্যক্ষ বিনিয়োগ (এফডিআই) এবং অনুকূল ব্যবসায়িক পরিবেশের পক্ষে মত দেন। এছাড়া, উৎপাদনশীলতা বৃদ্ধি করতে, মানব মূলধনে বিনিয়োগ গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন তিনি।

আরো অন্তর্ভুক্তিমূলক ও উৎপাদনশীল জনশক্তি নিশ্চিত করতে, উন্নত ও দৃঢ় ব্যবস্থাপনা, শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণের জন্য সমর্থন বৃদ্ধি, অভিবাসন ব্যয় হ্রাস এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী সম্প্রসারণের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন হ্যাভেন। বেকারত্বহীন প্রবৃদ্ধি নিশ্চিত করতে, অর্থনৈতিক সম্ভাবনা পুরোপুরি কাজে লাগানোর জন্য, দক্ষিণ এশিয়ার দেশগুলোতে ব্যাপক নীতি সংস্কারের আহবান জানান বক্তারা। (ভোয়া ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ নারগীস)

## ভারতের জলসীমা থেকে ট্রলারসহ ২৭ জেলে উদ্ধার, বাংলাদেশ কোস্টগার্ডের কাছে হস্তান্তর

ভারতের জলসীমা থেকে বাংলাদেশের মাছ ধরার ট্রলারসহ ২৭ জেলেকে উদ্ধার করেছেন ভারতীয় কোস্টগার্ডের সদস্যরা। বৃহস্পতিবার (৪ এপ্রিল) বিকালে তাদের উদ্ধার করার পর, দ্বিপক্ষীয় সমঝোতার মাধ্যমে বাংলাদেশ কোস্টগার্ডের কাছে হস্তান্তর করা হয়। শুক্রবার (৫ এপ্রিল) ট্রলারসহ ২৭ জেলেকে বাগেরহাটের মোংলা ফেয়ারওয়ে বয়ার কাছে ট্রলার মালিক পক্ষের কাছে হস্তান্তর করা হয়। বাংলাদেশের কোস্টগার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট খন্দকার মুনিফ তকির সই করা প্রেস বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, চট্টগ্রামের কুতুবদিয়া থেকে ১ এপ্রিল এফবি সাগর-২ নামে একটি মাছ ধরার ট্রলার নিয়ে ২৭ জেলে সমুদ্রে যান। ৪ এপ্রিল দুপুরে ট্রলারটির ইঞ্জিন নষ্ট হয়ে যায়। পরে ট্রলারটি ভাসতে ভাসতে বাংলাদেশের জলসীমা অতিক্রম করে ভারতীয় জলসীমায় প্রবেশ করে। বিষয়টি ভারতীয় কোস্টগার্ড জাহাজ আইসিজিএস আমোগের দৃষ্টিগোচর হলে তারা ট্রলারসহ ২৭ জেলেকে উদ্ধার করে বাংলাদেশ কোস্টগার্ডকে জানায়।

প্রেস বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, বৃহস্পতিবার সন্ধ্যায় উভয় দেশের সমঝোতার মাধ্যমে, বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সমুদ্রসীমা রেখায় ভারতীয় কোস্টগার্ড সদস্যরা ট্রলারসহ ২৭ জেলেকে বাংলাদেশ কোস্টগার্ড জাহাজ কামরুজ্জামানের কাছে হস্তান্তর করে। পরে শুক্রবার ভোরে বাগেরহাটের মোংলা ফেয়ারওয়ে বয়ার কাছে ট্রলারসহ জেলেদের তাদের মালিক পক্ষের কাছে হস্তান্তর করা হয়; বলা হয় বাংলাদেশের কোস্টগার্ডের প্রেস বিজ্ঞপ্তিতে।

(ভোয়া ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ নারগীস)

## ডয়চে ভেলে

### অপহৃত ব্যাংক ম্যানেজারকে উদ্ধারে মুক্তিপণ নিয়ে ধোঁয়াশা

বান্দরবানে সোনালী ব্যাংকের রুমা শাখার অপহৃত ব্যাংক ম্যানেজার নেজাম উদ্দীন 'মুক্তিপণের বিনিময়ে' ছাড়া পেয়েছেন বলে জানিয়েছে স্থানীয় গণমাধ্যম। তবে আইন-শৃঙ্খলারক্ষাকারী বাহিনী ও পরিবার তা স্বীকার করেনি। বাংলাদেশের ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার একাধিক পুলিশ সূত্রের বরাতে মুক্তিপণের বিনিময়ে নেজাম উদ্দীন ছাড়া পাওয়ার তথ্য জানিয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় রুমা বাজারের বেথেলপাড়া থেকে তাকে উদ্ধার করা হয়। প্রতিবেদন অনুযায়ী, বান্দরবানের র‍্যাব-১৫-এর একটি দল তাকে উদ্ধার করে রাত ৯টার দিকে বান্দরবান সদরে র‍্যাব কার্যালয়ে নিয়ে আসে।

এর আগে মঙ্গলবার রাতে রুমায় উপজেলা প্রশাসন কমপ্লেক্স ভবনে হামলা চালিয়ে সোনালী ব্যাংক থেকে অস্ত্র ও টাকা লুট করে সশস্ত্র একটি দল। এ সময় তারা ব্যাংকটির ম্যানেজার নেজাম উদ্দীনকে অপহরণ করে। তাকে ছাড়তে অপহরণকারীদের মুক্তিপণ দাবির বিষয়টি ডেইলি স্টারকে জানান রুমা উপজেলার ইউএনও দিদারুল আলম ও চট্টগ্রাম রেঞ্জের অতিরিক্ত ডিআইজি (অপরাধ) মাহফুজুর রহমান। তাকে উদ্ধারের পর নাম প্রকাশ না করার শর্তে এক পুলিশ কর্মকর্তা ডেইলি স্টারকে বলেন,''মুক্তিপণ হিসেবে ১৫ লাখ টাকা দেওয়া হয় সন্ত্রাসীদের হাতে। এর ঘণ্টাখানেক পর তাকে বাজারের পাশে পাওয়া যায়। মুক্তিপণ নিয়ে দেন দরবার করেছেন পরিবারের সদস্যরা। অক্ষতভাবে তাকে ছেড়ে দেওয়া হবে আশ্বাস দেওয়ার পরই টাকা দেওয়া হয়।"

আরেক পুলিশ কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে ডেইলি স্টারকে বলেন,''নেজামের ভাই পুলিশের সাব-ইন্সপেক্টর মিজানুর রহমান তার ভাইকে উদ্ধারে মুখ্য ভূমিকা পালন করেছেন। তিনিই নেগোসিয়েশন করেছেন অপহরণকারীদের সঙ্গে।" তবে দ্য ডেইলি স্টারকে মিজানুর রহমান বলেন বলেন,''আমি আমার ভাইকে অক্ষত পেয়েছি এতেই আমি ও আমার পরিবার খুশি। তাকে বাজারের পাশে পাওয়া গেছে। তিনি ভালো আছেন। তবে আমরা কোনো মুক্তিপণ দেইনি।"

অন্যদিকে র‍্যাব-১৫ এর কমান্ডিং অফিসার লে. কর্নেল সাজ্জাদ হোসেন ডেইলি স্টারকে বলেন,''আমরা গত দুইদিন ধরে অপহরণকারীদের সঙ্গে নেগোসিয়েশন করার চেষ্টা করেছি। ফাইনালি আজ তাকে আমরা উদ্ধার করতে সমর্থ হই।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৪.২০২৪ রিহাব)

### দুর্নীতিতে জিরো টলারেন্সের বিপরীতে দুর্নীতির 'অবাধ' সুযোগ

সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯ সংশোধন করে সম্পদের বিবরণী জমা দেওয়ার বাধ্যবাধকতা তুলে নেওয়া হচ্ছে। বিশ্লেষকরা মনে করেন, এভাবে প্রায় ১৬ লাখ সরকারি কর্মচারীকে জবাবদিহিতা থেকে দায়মুক্তি দেওয়া প্রধানমন্ত্রীর দুর্নীতির বিরুদ্ধে ঘোষিত 'জিরো টলারেন্স' নীতির সঙ্গে সাংঘর্ষিক। চলতি বছরের জানুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচনের আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আওয়ামী লীগের তফসিল ঘোষণার সময় বলেছিলেন, দুর্নীতির ক্ষেত্রে তার সরকারের নীতি হবে জিরো টলারেন্স। বাস্তবে কি এর প্রতিফলন দেখা যাচ্ছে?

আইনজীবী মনজিল মোরশেদ ডয়চে ভেলেকে বলেন, "পিক অ্যান্ড চুজ নীতি দুর্নীতি নিয়ন্ত্রণের ক্ষেত্রে বড় বাধা। আপনি সরকারি দলের সমর্থক হলে দুর্নীতি করেও পার পেয়ে যাবেন। আবার বিরোধী মতাদর্শের হলে আইনের আওতায় আসবেন, এটা তো হতে পারে না। বর্তমান সরকারের আমলে এক শ্রেণির মানুষের জন্য দুর্নীতির উর্বরভূমিতে পরিণত হয়েছে। প্রধানমন্ত্রীর নীতি হয়ত মাঠ পর্যায়ের কর্মকর্তারা শুনছেন না। শুধু বেনজীর আহমেদ না, খোঁজ নিলে এমন শত শত ব্যক্তির সন্ধান মিলবে।" সর্বশেষ পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদের বিপুল সম্পদের বিষয়টি সামনে আনে ঢাকার জাতীয় দৈনিক কালের কণ্ঠ। তাদের অনুসন্ধানে বেনজীর আহমেদের দেশে-বিদেশে বিপুল সম্পদের খোঁজ মেলে। সকল সম্পত্তি তিনি স্ত্রী ও কন্যাদের নামে করেছেন।

এরপর সামনে এসেছে গাজীপুরের ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মো. আওলাদ হোসেনের দুর্নীতির বিষয়টি। পূর্বাচল নতুন শহর প্রকল্পের ৩ নম্বর সেক্টরের ১০২ নম্বর রোডের ৬০ নম্বর প্লটে পূর্বাচল ড্রিম সুইম অ্যান্ড রেস্টুরেন্ট নামে একটি রিসোর্ট গড়ে তুলেছেন। এই রিসোর্টে মেলে বাহারি খাবার, বিশাল সুইমিংপুল ও বিশ্রামের জন্য আরামদায়ক শীতাতপনিয়ন্ত্রিত কক্ষ। একজন সরকারি কর্মকর্তা কিভাবে এত সম্পদের মালিক হলেন?

দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান মঈনউদ্দীন আব্দুল্লাহ ডয়চে ভেলেকে বলেন, ‘‘যে কারও সম্পদের অনুসন্ধানের বিষয়টি তার একার উপর নির্ভর করে না। কমিশন বৈঠকে এ নিয়ে আলোচনা হয়। তারপর সিদ্ধান্ত হয়।” দুর্নীতি দমন কমিশনের সাবেক চেয়ারম্যান গোলাম রহমান মনে করেন দুর্নীতি নির্মূল করার ক্ষেত্রে কোনো বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গি রাখা ঠিক নয়, "এটা একেবারেই ঠিক না। যদি করা হয়, তাহলে সেটা ঠিক হবে না। আবার এটাও বুঝতে হবে, দুদক চাইলেই সব ব্যক্তির বিষয়ে অনুসন্ধান করতে পারে না। এক্ষেত্রে তাদের অগ্রাধিকার ঠিক করতে হয়। তবে যেগুলো নিয়ে আলোচনা হয়, সেগুলোর তো অনুসন্ধান করাই যায়।”

একে তো সরকারি কর্মকর্তাদের দুর্নীতি নিয়ন্ত্রণ করা যাচ্ছে না, তার মধ্যে আবার সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর সংশোধন করে সম্পদের বিবরণী জমা দেওয়ার বাধ্যবাধকতা তুলে নেওয়া হচ্ছে। এর ফলে দেশের প্রায় ১৬ লাখ সরকারি কর্মচারীকে জবাবদিহিতা থেকে দায়মুক্তি দেওয়া হচ্ছে। আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের খসড়া সংশোধনী যাচাইয়ের পর এটি এখন প্রশাসনিক উন্নয়নবিষয়ক কমিটিতে পাঠানো হয়েছে। সম্পদের বিবরণী জমা দেওয়ার বাধ্যবাধকতা তুলে নিলে দুর্নীতি সুরক্ষিত এবং উৎসাহিত হবে কিনা জানতে চাইলে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান ডয়চে ভেলেকে বলেন,

"এ ধরনের সংশোধনী সরকারের নির্বাচনি অঙ্গীকার ও শীর্ষ পর্যায়ের দুর্নীতির বিরুদ্ধে শূন্য সহনশীলতা ঘোষণার ঠিক উলটো। প্রথমে প্রতি বছর সম্পদ বিবরণী জমা দেওয়ার বিধান থাকলেও সরকারি কর্মচারিদের অনীহার মুখে পরবর্তীতে শিথিল করে তা পাঁচ বছর পর পর দেওয়ার বিধান করা হয়। সেই বিধানও সঠিকভাবে পালনে অনাগ্রহ ছিল। চাকরির শুরুতে সম্পদের বিবরণী দিলেও, পাঁচ বছর পর পর হিসাব হালনাগাদের বাধ্যবাধকতা গুরুত্বই দেন না সরকারি কর্মচারিরা। এখন এই বাধ্যবাধকতা সরিয়ে দেওয়ার অর্থ হলো প্রকারান্তরে তাদের দুর্নীতিগ্রস্ত হয়ে উঠতে ব্যাপক উৎসাহ প্রদান করা। কারণ, সম্পদ বিবরণী জমা দেওয়ার মতো কোনো বিধান না থাকলে তাদের মধ্যে নির্ভয়ে দুর্নীতি, এর মাধ্যমে অবৈধ সম্পদ অর্জনের সুযোগ বাড়বে। একই সঙ্গে সেবা পেতে সরকারি অফিসে জনগণের ভোগান্তি বাড়বে।”

দুর্নীতি দমন কমিশন গত ডিসেম্বর পর্যন্ত সাড়ে পাঁচ বছরে ঢাকাসহ সারা দেশে ১ হাজার ৭৮২টি মামলা করেছে। মামলাগুলোর মধ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারির সংখ্যা অনেক বেশি। অনেক দিন ধরেই দুর্নীতি দমন কমিশনে রাজনৈতিক নেতা ও সরকারি কর্মকর্তা-কর্মচারিদের নামে অভিযোগ আসছে। কিছু কিছু অভিযোগ আমলে নেওয়া হচ্ছে। নেতাদের মধ্যে কেউ সংসদ সদস্য, কেউ সাবেক সংসদ সদস্য, সাবেক মন্ত্রী ও জেলা-উপজেলার নেতা। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সচিব, যুগ্ম সচিব, উপসচিব, অধস্তন কর্মচারী ও সাবেক আমলা রয়েছেন। চাকরিতে থেকে সরকারি কর্মচারিরা কোনো দুর্নীতিতে জড়িয়ে পড়লে সেটা দেখার দায়িত্ব কার?

সাবেক মন্ত্রিপরিষদ সচিব আলী ইমাম মজুমদার ডয়চে ভেলেকে বলেন, "সরকারি কর্মকর্তা-কর্মচারিদেরও জবাবদিহিতা থাকতে হবে। কারণ আইন সবার জন্য সমান। একজন কর্মচারি যে বিভাগে চাকরি করেন, সেই মন্ত্রণালয় প্রথমত দেখবে। এর বাইরে সবাইকে আয়কর রিটার্ন জমা দিতে হয়। সেখানে এনবিআর বিষয়টি দেখতে পারে। পাশাপাশি দুর্নীতি দমন কমিশন তো আছেই। তবে কথা হচ্ছে, এনবিআরের পক্ষে ১৬ লাখ সরকারি কর্মকর্তা-কর্মচারির সবার আয়কর রিটার্ন দেখা সম্ভব না। প্রভাবশালীদেরগুলোতো তারা দেখেই না। তবে কারও বিষয়টি সামনে এলে সেটা অবশ্যই এনবিআর বা দুদকের দেখা উচিৎ।”

দুর্নীতির টাকার অধিকাংশই বিদেশে পাচার হচ্ছে। সরকারি কর্মকর্তা ও রাজনীতিবিদদের একটা বড় অংশের ছেলে-মেয়ে বিদেশে লেখাপড়া করে। ফলে ওই দেশে তারা বাড়ি-ঘর কিনে স্থায়ীভাবে বসবাসের আয়োজন করেন। ওয়াশিংটনভিত্তিক সংস্থা গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইনটেগ্রিটি (জিএফআই) তথ্য বলছে, আন্তর্জাতিক বাণিজ্যের মাধ্যমে বাংলাদেশ থেকে প্রতিবছর গড়ে পাচার হচ্ছে ৬৪ হাজার কোটি টাকা। আমদানি-রপ্তানিসহ আন্তর্জাতিক বাণিজ্যে কারসাজি ও হুন্ডির মাধ্যমে এসব অর্থ পাচার করছে পাচারকারী সিন্ডিকেট। বাংলাদেশ ব্যাংকের অর্থ পাচার মনিটরিং সংস্থা- বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিআইএফইউ) প্রতিবেদনেও এমনটাই উঠে এসেছে।

বিদেশে টাকা পাচার কেন থামানো যাচ্ছে না? জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ও গবেষণা প্রতিষ্ঠান সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম)-এর গবেষণা পরিচালক ড. সায়মা হক বিদিশা ডয়চে ভেলেকে বলেন, "এখন অনেকেরই বিদেশে একটা সংসার আছে। তারা স্ত্রী, ছেলে-মেয়েকে সেখানে রেখেছেন। ফলে ওই সংসারটা চালাতে তাকে বিপুল অঙ্কের টাকা খরচ করতে হয়। বৈধ উপার্জন দিয়ে এটা পরিচালনা করা কঠিন। আবার অনেকেরই অবৈধ টাকা আছে। সেই টাকা দেশে রাখা ঝুঁকিপূর্ণ। তারা সেই টাকা বিদেশে পাঠিয়ে দিচ্ছে। সেখানে তারা বাড়ি-ঘর কিনছেন। স্ত্রী-সন্তানদের সেখানে রাখছেন। এগুলো নিয়ন্ত্রণের জন্য অর্থনৈতিক কাঠামো শক্তিশালী করা দরকার। এর বাইরেও আরেকটা শ্রেণি আছে, তারা বৈধ টাকাও বিদেশে নিয়ে যাচ্ছেন। যেমন ধরেন কেউ বিদেশে পড়াশোন করেন। দেশে তার বাবার বাড়ি আছে। সেই বাড়ি বিক্রি করে টাকা তিনি বৈধ বা অবৈধপথে বিদেশে নিচ্ছেন। এই টাকা তিনি দেশে বিনিয়োগ করছেন না। ফলে আমাদের বিনিয়োগের পরিবেশটাও আরও ভালো করা দরকার। বিদেশ থেকে যারা দেশে বিনিয়োগ করবেন তাদের নানা ধরনের প্রনোদনা দিতে হবে। তাহলে হয়ত বৈধ যে টাকাগুলো বিদেশে যাচ্ছে, সেগুলো অন্তত ঠেকানো যেতো।”

শুধু বেনজীর বা আওলাদ না, স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক হিসাবরক্ষক কর্মকর্তা আবজাল হোসেন ও তার স্ত্রী রুবিনার দেড়শ' কোটি টাকার অবৈধ সম্পদের তথ্য মিলেছে। তাদের বিরুদ্ধে দুদক মামলা করেছে। আবার স্বাস্থ্য অধিদফতরের আলোচিত গাড়িচালক আব্দুল মালেক ও তার স্ত্রীরও বিপুল পরিমান সম্পদের তথ্য মিলেছে। এদের বিরুদ্ধেও দুদক মামলা করেছে। আবার সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরীর ব্রিটেনে 'হাজার হাজার কোটি টাকার সম্পদ' আছে বলে খবর বের হয়। নির্বাচনের আগে টিআইবি দাবি করে, এক মন্ত্রীর বিদেশে ২ হাজার ৩১২ কোটি টাকার ব্যবসা রয়েছে। বাংলাদেশ থেকে বিদেশে টাকা নেওয়া জটিল প্রক্রিয়া হলেও ভূমিমন্ত্রী কিভাবে বিদেশে এতো সম্পদ গড়ে তুলেছেন সেটি নিয়ে অনেকেই প্রশ্ন তুলেছেন। যদিও সাইফুজ্জামান চৌধুরী দাবি করেছেন, একটি টাকাও তিনি দেশ থেকে নিয়ে যাননি। তার বিরুদ্ধে দুর্নীতি প্রমাণ করতে পারলে রাজনীতি ছেড়ে দেবেন। বিষয়টি নিয়ে আলোচনা হলেও আমলে নেয়নি দুদক।

আবার নারায়ণগঞ্জ-২ আসনের সংসদ সদস্য নজরুল ইসলাম বাবুসহ বেশ কিছু সরকার দলীয় নেতার দুর্নীতির অনুসন্ধান চালিয়েও কোনো তথ্য পায়নি দুদক। তাদের 'দুর্নীতিমুক্ত'র সার্টিফিকেট দেওয়া হয়েছে। অন্যদিকে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় অবসরপ্রাপ্ত সচিব প্রশান্ত কুমার রায়কে কারাগারে পাঠানো হয়েছে। জ্ঞাত আয়বহির্ভূত ১ কোটি ২০ লাখ ৪৯ হাজার ৮১৬ টাকার সম্পদ অর্জনের অভিযোগে গত বছরের ৫ জুন সাবেক সচিব প্রশান্ত কুমার রায়ের বিরুদ্ধে মামলা হয়। প্রশান্ত কুমার রায় ২০১৬-১৭ সালের দিকে সচিব হিসেবে দায়িত্বপালন করেন। প্রশান্ত কুমারের দুই মেয়ে অস্ট্রেলিয়ায় পড়াশোনা করেন। সেখানে তিনি অবৈধভাবে টাকা পাঠিয়েছেন। বিষয়টি নিয়ে অনুসন্ধান করেছে দুদক। (ডয়চে ভেলে ওয়েব পেজ:০৫.০৪.২০২৪ রিহাব)

**'একজন অপরাধ করেছে, আমিও করবো- এভাবে জাস্টিফাই করা ঠিক নয়'**

দুর্নীতি নিয়ন্ত্রণ করবেন যারা, তারাও দুর্নীতিতে জড়ালে দুর্নীতিমুক্ত সমাজের স্বপ্ন বাস্তবায়ন কঠিন হয়ে পড়ে। সাক্ষাৎকারে সে কথাই যেন বললেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান।

ডয়চে ভেলে: উচ্চ পদ সেটা রাজনৈতি হোক আর প্রশাসনিক-এই উচ্চপদের সঙ্গে দুর্নীতির সম্পর্ক কতটুকু?

ড. ইফতেখারুজ্জামান: উচ্চপদ হোক আর নিম্নপদ হোক, সরকারের যে কোনো পদেই ভালো কাজের সুযোগ আছে। আবার দুর্নীতি করারও সুযোগ আছে। তারা যদি ক্ষমতা পান, সেটা ব্যবহার করে দুর্নীতি করে নিজের সম্পদ বাড়াতে পারেন। এটা সব ধরনের পদেই হয়। একদম নিম্নস্তরে সেবা প্রদানের ক্ষেত্রে ঘুস লেনদেন থেকে বিভিন্ন ধরনের দুর্নীতি হয়ে থাকে। সর্বোচ্চ পদ থেকে সর্বনিম্ন পদ পর্যন্ত দুর্নীতির বিস্তার হয়েছে। এটা কম-বেশি হতে পারে।

উচ্চপদের দুর্নীতি কি নিম্নপদেও সঞ্চারিত হয়?

উচ্চপদে যারা দুর্নীতি করেন, তাদের দুর্নীতির তথ্য প্রকাশ হওয়ার পরেও যখন ব্যবস্থা নেয়া হয় না, দৃষ্টান্তমূলক শাস্তি হয় না তখন নিম্নপদে যারা আছেন, তারা মনে করেন এটাই বাস্তবতা, এটাই স্বাভাবিক। কাজেই আমি কেন বাদ যাবো? তবে একজন অপরাধ করেছে তাই বলে আমিও অপরাধ করবো- এভাবে জাস্টিফাই করা ঠিক না। তবে দুর্নীতির বিকাশে এটার একটা প্রভাব থাকতেই পারে। পচন যেভাবে মাথা থেকে হয় সেইভাবে দুর্নীতি নিয়ন্ত্রণ করতে হলে উপর থেকেই শুরু করতে হয়। সেটা করলে কার্যকর হয়। তা না হলে দুর্নীতি নিয়ন্ত্রণে আসে না।

কেউ যখন ক্ষমতায় থাকেন, তার দুর্নীতির খবর প্রকাশ হয় না, দুর্নীতির মামলা হয় না, ক্ষমতা ছাড়ার পর হয়। এর কারণ কী? এই সময়ে সাবেক আইজিপি বেনজীর সাহেবের উদাহরণ তো দিতেই পারি...এটা হতে পারে যাদের প্রকাশ করার দায়িত্ব তাদের দক্ষতা, সক্ষমতার ঘাটতি। যেমন আপনি গণমাধ্যমকে ইঙ্গিত করছেন। এটা হতে পারে তখন তাদের কাছে তথ্য ছিল না, সুযোগ ছিল না। যারা তার (বেনজীর) দুর্নীতির বিষয়ে তথ্য প্রকাশ করেছেন, পরে হলেও, এটা তাদের ব্যর্থতা নয়।

কিন্তু যখনই প্রকাশ হোক, তার উর্ধ্বতন কর্তৃপক্ষ, দূর্নীতি দমন কমিশন, অন্যান্য দায়িত্বপ্রাপ্ত সংস্থা, পুলিশ, যারা আগে দায়িৎব পালন করতে পারেনি, তারা এখন যদি যথাযথ দায়িত্ব ও ভুমিকা পালন করে, তাহলেও কিন্তু ইতিবাচক ফল পাওয়া যাবে। তাহলে এটা নিশ্চিত হবে যে, আমি যদি দুর্নীতি করি, ক্ষমতায় থাকাকালে বা ক্ষমতার বাইরে গেলে, যখনই হোক আমাকে আইনের মুখোমুখি হতে হবে। কিন্তু এই বিষয়টিই তো এখনো আমরা নিশ্চিত করতে পারিনি। কারণ, এখানে আইনের প্রয়োগ এখন ব্যক্তির ওপর নির্ভর করে। ব্যক্তি কে, তার অবস্থান কী, পরিচয় কী, তিনি কতটা রাজনৈকিভাবে বা প্রশাসনিকভাবে ক্ষমতাবান- তার ওপর।

যেটুকু হয় সেটা রাজনৈতিক প্রতিপক্ষ হলে বা ক্ষমতা থাকার পরও কর্তৃপক্ষের বিরাগভাজন হলে। আর যেটা হয়- আমরা দেখেছি যারা ক্ষমতার সঙ্গে থাকেন, তার কিছু প্রকাশ হলে তদন্তের নামে, জিজ্ঞাসাবাদের নামে ধামাচাপা দেয়া হয়। কয়েক বছর আগে কয়েকজন জনপ্রতিনিধিকে জিজ্ঞাসাবাদের জন্য ডেকেছিল দুদক। তারপর আর কিছু হয় নাই। সংসদ থেকেও বলা হয়েছিল কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। আসলে কিছু হয় নাই।

এখানে দুদকের আইগত কোনো বাধা আছে, নাকি রাজনৈতিক বা অন্য কোনো কারণ আছে?

আইনগত বাধা কিছু দিন আগেও ছিল না। এটা মূলত সদিচ্ছার ঘাটতি, সৎ সাহসের ঘাটতি। তাদের এক ধরনের ফেলো ফিলিং আছে। দুদকের কমিশনার থেকে শুরু করে আরো উপরে যারা আছেন, তারা কিন্তু রাজনৈতিক বিবেচনায়

নিয়োগ পান। ফলে তাদের রাজনৈতিক দলের প্রতি দায় থাকে। বিশেষ করে যারা উচ্চ পদে আছেন, তারা সরকারের উচ্চ পদে ছিলেন। ফলে তারা সরকারের পক্ষের লোক।

আর সাম্প্রতিককালে দেখেছি মামলার প্রয়োজনে সরকারি কর্মর্তাদের আটক করতে হলে সিভিল সার্ভিস অ্যাক্ট সংশোধন করে সরকারের পূর্বানুমতির বিধান করা হয়েছে। পূর্বানুমতি নিয়ে গ্রেপ্তার কোনো দিনই সম্ভব নয়। এটা যারা করেছেন, তারা জেনেশুনেই করেছেন। এবং দুদকের ক্ষমতা খর্ব করা হয়েছে। আর ২০২৩-এর অ্যাক্টের আগে জাতীয় রাজস্ব বোর্ডসহ অন্যান্য সংস্থাগুলো দুদকের তদন্তে অসামাঞ্জস্যপূর্ণ আয়ের তথ্য দিতে বাধ্য ছিল। এখন আদালতের আদেশ হলেই তারা দিতে বাধ্য। এটাও আসলে একটা অসম্ভব ব্যাপার। এর সঙ্গে অদক্ষতাও থাকতে পারে।

দুর্নীতির অর্থ তো পাচার হয়। সাবেক পররাষ্ট্রমন্ত্রী বলেছিলেন কানাডার বেগম পাড়ায় যাদের বাড়ি আছে, তাদের অধিকাংশই সরকারি কর্মকর্তা। সরকারি হোক আর বেরসারি- এই পাচারের তথ্য ধরেও তো দুর্নীতির তদন্ত সম্ভব। সেটা এখানে দেখছেন?

এটা ধরে তো অবশ্যই তদন্ত সম্ভব। সাবেক পররাষ্ট্রমন্ত্রী কিসের ভিত্তিতে সরকারি কর্মকর্তাদের কথা বলেছেন আমি জানি না। তবে বাংলাদেশে প্রভাবশালীরাই অর্থ পাচারের সঙ্গে জড়িত। যেসব দেশ থেকে উচ্চ হারে অর্থ পাচার হয়, বাংলাদেশ তার মধ্যে অন্যতম। এখান থেকে বছরে ১২ বিলিয়ন ডলার অর্থ পাচার হয়। যেটা আইএমএফ থেকে আমরা যে লোন নিয়েছি, তার প্রায় তিনগুণ। বেশি অর্থ পাচার হয় আমদানি রপ্তানির নামে। আর হুন্ডির মাধ্যমেও পাচার হয়। এই টাকা দেশে থাকলে অনেক অর্থনৈতিক উন্নয়ন হতো।

অর্থ পাচারের সঙ্গে দুর্নীতির কোনো সম্পর্ক আছে?

অবশ্যই আছে। এর সূত্রটিই তো দুর্নীতি। যারা পাচার করেন, তাদের সঙ্গে অনেক সরকারি কর্মকর্তা জড়িত। আবার ব্যাংক থেকে ঋণের নামে টাকা নিয়ে তা পাচার করা হয়। অবৈধ আয়, ঘুস, দুর্নীতির টাকা পাচার হয়। সরকার আন্তরিক হলে, এনবিআর আন্তরিক হলে এই পাচার ঠেকানো যায়। সদিচ্ছা থাকলে পাচার হওয়া অর্থ ফেরতও আনা যায়। যে প্রক্রিয়ায় একজন সাবেক রাষ্ট্রপতির ছেলের টাকা সিঙ্গাপুর থেকে ফেরত আনা হয়েছে, সেই প্রক্রিয়া এখনো বহাল আছে। সেইভাবে বিশ্বের অন্যদেশ মালয়েশিয়া, ক্যানাডা, অস্ট্রেলিয়া যুক্তরাজ্য বা অন্য দেশ থেকে পাচারের অর্থ ফেরত আনা সম্ভব। আমরা জাতিসংঘের দুর্নীতি বিরোধী সনদে স্বাক্ষরকারী। ওইসব দেশও স্বাক্ষরকারী। অর্থ পাচার বিরোধী আন্তর্জাতি আইন আছে। সদিচ্ছার অভাবে, রাজনৈতিক সদিচ্ছার অভাবে এখন আমরা পাচারের অর্থ ফেরত আনতে পারছি না।(ডয়চে ভেলে ওয়েব পেজ:০৫.০৪.২০২৪ রিহাব)

## কেএনএফ-এর হামলায় প্রশ্নবিদ্ধ পার্বত্যের শান্তি ও নিরাপত্তা

কুকি-চীন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) সমঝোতায় আসার সময়ে কী কারণে দুই দিনে তিন ব্যাংকে হামলা চালালো তা এখনো স্পষ্ট নয়। এসব হামলা পার্বত্য চট্টগ্রামের শান্তি ও নিরাপত্তা নিয়েও জাগিয়েছে সংশয়। গত বছরের ২৯ মে তাদের সঙ্গে সমঝোতা করেছিল শান্তি স্থাপন কমিটির আহ্বায়ক ও বান্দরবান জেলা পরিষদের চেয়ারম্যান ক্য শৈ হ্লা'র নেতৃত্বে ১৮ সদস্যের কমিটি।

ক্য শৈ হ্লা ডয়চে ভেলেকে বলেন, "আমরা তাদের এই আচরণে হতাশ। তারা কেন সমঝোতা ভঙ্গ করলো তা আমরা বুঝতে পারছি না। ব্যাংকে হামলার পর আমরা তাদের সঙ্গে সব ধরনের আলোচনা ও সমঝোতা স্থগিত করেছি।" আর শান্তি প্রতিষ্ঠা কমিটির মুখপাত্র এবং কমিটির সদস্য সচিব কাঞ্চন জয় ত্যাংচঙ্গা বলেন, "আমরা গত বছরের ৫ মে প্রথম বৈঠক করি। এরপর গত মাসের ৫ তারিখে আরো একটি বৈঠক হয়। তাদের মধ্যে কোনো অসন্তোষ তখন দেখিনি। আর চলতি মাসের ২০ তারিখে আরেকটি বৈঠক হওয়ার কথা ছিল।" তিনি বলেন, চার দফা সমঝোতার মূল বিষয় ছিল চাঁদাবাজি ও আক্রমণ না করা, শান্তি বজায় রাখা ইত্যাদি। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "আমরাও বিস্মিত হয়েছি যে, তারা পরপর ব্যাংক ও থানায় আক্রমণের এত শক্তি কোথায় পেল? তারা এখন আর আমাদের সঙ্গে যোগাযোগ করছে না। আর আমরাও তাদেরকে যোগাযোগ করে পচ্ছি না।"

রুমা ও থানচির তিনটি ব্যাংকে ডাকাতি এবং পরে থানচি ও আলীকদম থানায় আক্রমণের পর পুরো বান্দরবান এলাকায় এখন থমথমে অবস্থা বিরাজ করছে। রুমা সোনালী ব্যাংকের অপহৃত ম্যানেজার নেজাম উদ্দিনকে শুক্রবার উদ্ধার করা হয়েছে। র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)-এর লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইং-এর পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন শুক্রবার দুপুর ১২টার দিকে বান্দরবানে এক সংবাদ সম্মেলনে জানান, কেএনএফের বিরুদ্ধে সেনাবাহিনী, পুলিশ, বিজিবি ও র‌্যাব যৌথ অভিযান পরিচালনা করছে। তিনি বলেন, "সেনাবাহিনী, র‌্যাব, বিজিবি ও পুলিশের যৌথ এই অভিযান কেএনএফ নির্মূল না হওয়া পর্যন্ত চলবে। সন্ত্রাসীদের দমনে পাহাড়ে জঙ্গিবিরোধী অভিযানের মতো সব ধরনের কৌশল অবলম্বন করা হবে।" এদিকে পুলিশ সদর দপ্তর থেকে বান্দরবানের সব থানাকে সর্বোচ্চ সতর্কাবস্থায় রাখা হয়েছে।

কেএনএফ আলোচনায় আসে ২০২২ সালে। পুলিশ ও র‌্যাব তখন তাদের বিরুদ্ধে অভিযান চালায়। সেনাবাহিনীসহ যৌথ অভিযানও পরিচালনা করা হয়। পুলিশ তখন জানায়, সমতলের জঙ্গিদের প্রশিক্ষণের জন্য বান্দরবানের কেএনএফের সঙ্গে জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়া নামে একটি জঙ্গি সংহঠন অর্থের বিনিময়ে চুক্তি করেছে।

এর পর অভিযানে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী গহীন জঙ্গল থেকে জঙ্গি ও কেএনএফের অনেক সদস্যকে গ্রেপ্তার করে। কেএনএফ মূলত পার্বত্য চট্টগ্রামের বান্দরবানকেন্দ্রিক আঞ্চলিক সংগঠন।

কেএনএফ পার্বত্য তিন জেলার প্রায় অর্ধেক আয়তনের অঞ্চল তথা লামা, রুমা, আলীকদম, থানচি, রোয়াংছড়ি, বিলাইছড়ি, জুরাছড়ি, বরকলসহ আশপাশের এলাকায় তৎপর রয়েছে গত চার-পাঁচ বছর ধরে। কেএনএফ প্রধান হলেন নাথান বম। তারা কথিত 'কুকিল্যান্ড' প্রতিষ্ঠা করতে চায়। তাদের একটি ম্যাপও আছে কথিত ওই কুকিল্যান্ডের। বম বা কুকি সম্প্রদায়ের লোকজন ভারতের মনিপুর ও মিজোরাম এবং মিয়ানমারে রয়েছে। ওই দুই দেশেও তাদের বিচ্ছিন্নতাবাদী তৎপরতা আছে। কেএনএফ দাবি করে, ২০২১ সাল থেকে তাদের প্রশিক্ষিত দলটি কাজ শুরু করে।

তার আগে তারা কাচিনে প্রশিক্ষণ নেয়। বান্দরবানে হামলার পর থেকে তারা তাদের ফেসবুক পেজে নিয়মিত আপডেট দিচ্ছে। নিরাপত্তা বিশ্লেষক ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আব্দুর রশিদ বলেন, "কেএনএফ একটি ক্রস বর্ডার বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী। তারা ভারতের মনিপুর ও মিজোরাম এবং মিয়ানমারে সক্রিয়। ওইসব এলাকায় এই সময়ে যে অস্থিরতা চলছে, তারই প্রভাবে কেএনএফ ফের তৎপর হতে পারে। তবে তাদের সঙ্গে সমঝোতা করে বান্দরবান এলাকার নিরাপত্তায় যে ঢিলেঢালা ভাব চলে এসেছিল তাতে আমি বিস্মিত।" তার মতে, "কেএনএফ একটি ত্রিদেশীয় সংগঠন । তারা এক দেশের শক্তি অন্যদেশে ব্যবহার করতে পারে। তাদের অবস্থান তিন দেশের সীমান্ত এলাকায়। ভূরাজনৈতিক কারণে কোনো দেশ তাদের মদদ দিচ্ছে কিনা সেটি এখনো নিশ্চিত নয়। ভারতে মনিপুরে যে সংকট, সেটা এখানকার কুকিদের প্রভাবিত করতে পারে। আমরা এর আগে দেখেছি, কোনো দেশ তাদের বিরুদ্ধে অভিযান চালালে তারা পাশের দেশে আশ্রয় নেয়।" তার মতে, "এটা ক্রস বর্ডার সন্ত্রাসী গোষ্ঠী হওয়ায় তারা অস্ত্র এবং অর্থের বিনিময় করে।"

মেজর জেনারেল ( অব.) এ কে মোহাম্মদ আলী শিকদার মনে করেন, "বাংলাদেশ, ভারত ও মিয়ানমার তিন দেশেই কুকি-চীনরা সন্ত্রাসী কার্যকলাপ চালাচ্ছে। ফলে তাদের একটা ত্রিদেশীয় শক্তি এবং যোগাযোগ আছে। ভারতের মনিপুরে যে ঘটনা ঘটেছে, তার ফলে ভারতীয় সেনাবাহিনীকে আবার আগের ক্ষমতা দেয়া হয়েছে।" তার কথা, "এরা উচ্চমূল্যে অস্ত্র ক্রয় করে। আবার পরস্পরকে সহায়তা করে। আমার মনে হয়েছে, তাদের অর্থের প্রয়োজন। তারা সেই কারণেই ব্যাংকে হামলা চালিয়েয়েছে।"তবে তিনি এ-ও মনে করেন, কেএনএফের পোশাক পরে অন্য কোনো সন্ত্রাসী গোষ্ঠী এটা করেছে কিনা তা-ও দেখা প্রয়োজন। কারণ, ওই এলাকায় এখনো অনেক সন্ত্রাসী গ্রুপ সক্রিয়।

মেজর জেনারেল (অব.) কে এম শহীদুল হক বলেন, "তারা তিনটি গাড়িতে করে এসে রুমা সোনালী ব্যাংকে ডাকাতি করেছে। পরের দিন থানচির দুই ব্যাংকে হামলা ও ডাকাতি করেছে। রাতে থানচি ও আলীকদম থানা এলাকায় হামলা চালিয়েছে। এইসব ঘটনায় আমরা বিস্মিত। কারণ,পাহাড়ি এলাকা এবং ওই ধরনের গোষ্ঠী যেখানে তৎপর থাকে, সেখানে নিরাপত্তা পরিকল্পনা থাকে, গোয়েন্দা তৎপরতা থাকে। সেখানে আমি বলবো, আমরা পুরোপুরি ব্যর্থতার পরিচয় দিয়েছি। মিয়ানমারের রাখাইনে যুদ্ধ চলছে। তার সীমান্তে আলীকদম। আমাদের কোনো হিসাব থাকবে না?" তার কথা, "এই কুকি-চীনরা বাংলাদেশ, ভারত, মিয়ানমার এবং চীনের সঙ্গে যুক্ত। তাদেরকে হালকাভাবে নেয়া হয়েছে। আমার মনে হয়, এই অঞ্চলে মিয়ানমার ও ভারতের মিজোরাম ও মনিপুরে যে সংকট চলছে, তার কোনো সূত্র বান্দরবানে হামলার সঙ্গে থাকতে পারে।"

তিনি মনে করেন, "টাকার জন্য তাদের ব্যাংক লুট করতে হয় না। ওই এলাকায় যে পরিমাণ চাঁদা ওঠে, তাই যথেষ্ট। একটি উপজেলার ব্যাংকে কত টাকা থাকতে পারে তা তাদের জানা। তারা আমার মনে হয় শক্তির মহড়া দিচ্ছে। তারা পাশের দেশগুলোকেও শক্তির জানান দিতে চায়।" মেজর জেনারেল (অব.) এ কে মোহাম্মদ আলী শিকদার বলেন, "রুমায় ব্যাংকে পুলিশ ছিল। থানচিতে ব্যাংকের পাশেই পুলিশ ও বিজিবির ক্যাম্প ছিল। কিন্তু কোথাও আমরা প্রতিরোধের কোনো খবর পাইনি। এতে স্পষ্ট যে, যারা ওখানে ছিলেন, তাদের মধ্যে সেই ধরনের মনোবল ছিল না। ফলে তারা কোনো বাধা দেয়নি। তাদের অস্ত্র লুট করেছে, ব্যাংক লুট করেছে, আর রুমায় ডাকাতি হওয়ার পর পুরো জেলার ব্যাংকেই তো নিরাপত্তা জোরদার করার উচিত ছিল।"

ব্রিগেডিয়ার জেনারেল আব্দুর রশিদ বলেন, "একটি সমঝোতা করার পর সব নিরাপত্তা ঢিলেঢালা করে দেয়া হলো। রিস্ক অ্যাসেসমেন্ট করা হলো না, এটা মেনে নেয়া যায় না।" এই তিন জনই মনে করেন, পাহাড়ে কুকি-চীনের এই তৎপরতায় অন্য সন্ত্রাসী গ্রুপগুলোও উৎসাহিত হতে পারে। জনসংহতি সমিতির সন্তু লারমার সঙ্গে শান্তি চুক্তি হলেও পাহাড়ে এখনো কমপক্ষে পাঁচটি বড় গ্রুপ সক্রিয়। আর কুকি-চীনদের ব্যাপারে ভারত ও মিয়ানমারের সঙ্গে আলোচনা করে কাজ করা উচিত বলেও মনে করেন তারা। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৪.২০২৪ রিহাব)

## রেডিও তেহরান

### বাংলাদেশেও আজ পালিত হয়েছে পবিত্র কুদস দিবস

বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও আজ পবিত্র কুদস দিবস পালিত হয়েছে। বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠানের ব্যানারে ঢাকা, খুলনা সহ বিভিন্ন শহরে মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রাজধানী ঢাকায় বিএমএ অডিটোরিয়ামে কুদস কমিটির আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সেখানে বাংলাদেশের বিশিষ্ট ব্যক্তিরা বক্তব্য

রেখেছেন। সেখানে দখলদার ইসরাইলের অবৈধভাবে প্রতিষ্ঠার ইতিহাস পর্যালোচনার পাশাপাশি বর্তমান গাজা পরিস্থিতিও স্থান পেয়েছে। (রেডিও তেহরান: ২০৩০ ০৫.০৪.২০২৪ এলিনা, গাজী আবদুর রশীদ)

**বান্দরবানে কেএনএফের বিরুদ্ধে যৌথ সাঁড়াশি অভিযান আজ থেকে : র‍্যাব**

বান্দরবানে পাহাড়ের নতুন সশস্ত্র গোষ্ঠী কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) বিরুদ্ধে আজ শুক্রবার থেকে যৌথ সাঁড়াশি অভিযান শুরুর কথা জানিয়েছে র‍্যাব। আজ বেলা ১১টায় র‍্যাব বান্দরবান জেলা পরিষদ মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়। সংবাদ সম্মেলনে জানানো হয়, সেনাবাহিনী, র‍্যাব, বিজিবি ও পুলিশের যৌথ এই অভিযান কেএনএফ নির্মূল না হওয়া পর্যন্ত চলবে। সন্ত্রাসীদের দমনে পাহাড়ে জঙ্গিবিরোধী অভিযানের মতো সব ধরনের কৌশল অবলম্বন করা হবে বলে র‍্যাবের কর্মকর্তা খন্দকার আল মঈন জানিয়েছেন। তিনি বলেন, গত কয়েক দিনে ব্যাংক ডাকাতি ও অস্ত্র লুটের ঘটনার দুইটি উদ্দেশ্য থাকতে পারে। প্রথমত, টাকা লুটপাট ও অস্ত্র ছিনিয়ে নেওয়া। দ্বিতীয়ত, সক্ষমতা প্রদর্শন করা। রুমা ও থানচি উপজেলায় গত সোম ও মঙ্গলবার ব্যাংক ডাকাতি ও লুটপাটের ঘটনা ঘটে। (রেডিও তেহরান: ২০৩০ ০৫.০৪.২০২৪ এলিনা, গাজী আবদুর রশীদ)

## এনএইচকে

**রাজনীতি নিয়ে জনগণের মধ্যে গুরুতর অবিশ্বাস সৃষ্টি হওয়ায় ক্ষমা চেয়েছেন কিশিদা**

জাপানের প্রধানমন্ত্রী কিশিদা ফুমিও তার ক্ষমতাসীন দল লিবারেল ডেমোক্রেটিক পার্টির সাথে সংশ্লিষ্ট একটি তহবিল সংগ্রহের কেলেঙ্কারির জন্য জনগণের মধ্যে দেশের রাজনীতি নিয়ে গুরুতর অবিশ্বাসের সৃষ্ট হওয়ায় ক্ষমা চেয়েছেন। দলের নৈতিকতা বিষয়ক কমিটির শৃঙ্খলামূলক সিদ্ধান্তের পরে গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে কিশিদা বলেন, সংশ্লিষ্ট পক্ষগুলোর রাজনৈতিক দায়িত্ব স্পষ্ট করার দৃষ্টিকোণ থেকে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে এলডিপি। তার ভাষ্যমতে, এই পদক্ষেপগুলো উপদলীয় নির্বাহীদের গুরুতর দায়কে প্রতিফলিত করে, যারা দীর্ঘকাল ধরে সংগৃহীত তহবিলগুলো পদ্ধতিগতভাবে আর্থিক প্রতিবেদনে উল্লেখ করেননি বলে সন্দেহ করা হচ্ছে। তিনি এও বলেন যে শৃংখলাগত সিদ্ধান্তগুলোর মাধ্যমে তাদের দীর্ঘস্থায়ী এই রীতি সংশোধন করতে ব্যর্থ হওয়ার পাশাপাশি সমস্যাটিকে কার্যত অমীমাংসিত অবস্থায় রেখে দেয়ার জন্য সংশ্লিষ্ট নির্বাহীদের উপর বড় ধরনের শাস্তি আরোপ করা হয়েছে। (এনএইচকে ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ নারগীস)

## রেডিও টুডে

**কে এন এফ এর বিরুদ্ধে যৌথ অভিযান শুরু করেছে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী**

বান্দরবানে পাহাড়ের নতুন সশস্ত্র গোষ্ঠী কুকি চীন ন্যাশনাল ফ্রন্ট বা কে এন এফ-এর বিরুদ্ধে আজ শুক্রবার থেকে যৌথ সাঁড়াশি অভিযান শুরুর কথা জানিয়েছে র‍্যাব । আজ-বেলা এগারোটা বান্দরবান জেলা পরিষদ মিনায়তনে এক সংবাদ সম্মেলন এই কথা জানায় র‍্যাব । সংবাদ সম্মেলনে জানানো হয় সেনাবাহিনী, র‍্যাব বিজিবি ও পুলিশের যৌথ এই অভিযান কে এন এফ নির্মূল না হওয়া পর্যন্ত চলবে। সন্ত্রাসীদের দমনে পাহাড়ে জঙ্গি বিরোধী অভিযানের মত সব ধরনের কৌশল অবলম্বন করা হবে। এ ছাড়া কে এন এফ এর হামলার ঘটনায় ছয়টি মামলা দায়ের করা হয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৫.০৪.২০২৪ আসাদ)

**রাজনৈতিক অস্তিত্বের ভয়ে বিএনপি আবোল তাবোল বলছে : আইনমন্ত্রী**

বিএনপি রাজনৈতিক অস্তিত্বের ভয়ে আবোল তাবোল বলছে বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। ভারতের বিষয়ে বিএনপি অবস্থান সম্পর্কে স্থানীয় সাংবাদিকদের প্রশ্নের জবাবে শুক্রবার দুপুরে ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলা পরিষদ চত্বরে আইনমন্ত্রী এমন মন্তব্য করেন। আইনমন্ত্রী বলেন যখন কোন রাজনৈতিক দলের অস্তিত্বের ভয় থাকে তখনই তারা আবোল তাবোল বলে। বিএনপিও আবোল তাবোল বলছে তা আমলে নেওয়ার কিছুই নেই।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৫.০৪.২০২৪ আসাদ)

**মেট্রোরেলের ভাড়ায় ভ্যাট বসানোর বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি : ওবায়দুল কাদের**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, হঠাৎ করে মেট্রোরেলের ভাড়ার উপর ১৫ শতাংশ ভ্যাট আরোপের বিষয়টি সরকার জানেনা। শুক্রবার বাংলাদেশ আওয়ামী মৎস্যজীবী লীগ আয়োজিত ঈদ উপহার বিতরণী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। মেট্রোরেলের ভাড়ার উপর ভ্যাট আরোপের প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, হঠাৎ করে কারা জুলাই থেকে মেট্রোরেলের ভাড়ায় ভ্যাট ১৫ শতাংশ বাড়বে ঘোষণা দিল! এই সম্পর্কে আমরা কিছুই জানি না। এটা আমরা প্রধানমন্ত্রীর সঙ্গে আলাপ করব। গণপরিবহনের একটি বিশেষ সেবাধর্মী পরিবহন মেট্রোরেল। মানুষ এর সুফল পাচ্ছে। এখনও জুলাই মাস অনেক দেরি। আমরা এই নিয়ে কোন সিদ্ধান্তও নেয়নি। এ সময় বান্দরবানের পরিস্থিতি নিয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, পার্বত্য চট্টগ্রামের বিষয়ে সরকার অত্যন্ত কঠোর অবস্থানে রয়েছে। এ ঘটনার পিছনে কে বা কারা জড়িত বা কোন গোষ্ঠী জড়িত সরকার তা খতিয়ে দেখছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৫.০৪.২০২৪ এলিনা)

**ফেনীর মুহুরীগঞ্জ রেলওয়ে ক্রসিংয়ে ট্রেনের ধাক্কায় নিহত দুইজন**

ফেনীর মুহুরীগঞ্জ রেলওয়ে ক্রসিংয়ে মেইল ট্রেনের ধাক্কায় বালুবাহী ট্রাকের চালক সহ দুইজন নিহত হয়েছেন। শুক্রবার সকাল সাড়ে আটটার দিকে এই দুর্ঘটনা ঘটে। এ ঘটনার পর জেলা ও রেলওয়ে পুলিশের কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। জেলা পুলিশ সুপার জাকির হাসান জানান, শুক্রবার সকালে চট্টগ্রামগামী ট্রেনটি ঢাকা ছেড়ে আসে। ট্রেনটি মুহুরীগঞ্জ রেলওয়ে ক্রসিং পার হওয়ার সময় অসাবধানতায় একটি বালুবাহী ট্রাক লাইনে উঠে পড়ে। এ সময় ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলেই ট্রাকের চালক ও ট্রেনের এক যাত্রী নিহত হন।

(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৫.০৪.২০২৪ এলিনা)

**সোনালী ব্যাংক ম্যানেজার নিজাম উদ্দিনকে তার পরিবারের কাছে হস্তান্তর করেছে র‍্যাব**

বান্দরবানের রুমা উপজেলা সোনালী ব্যাংক শাখার অপহৃত ম্যানেজার নিজাম উদ্দিনকে তার পরিবারের কাছে হস্তান্তর করেছে  র‍্যাপিড একশন ব্যাটেলিয়ান র‍্যাব। শুক্রবার র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক কমান্ডার খন্দকার আল মুঈন এই তথ্য জানিয়েছেন। এর আগে মঙ্গলবার রাতে রুমা উপজেলা সোনালী ব্যাংকের ম্যানেজার নিজাম উদ্দিনকে অপহরণ করে নিয়ে যায় কেএনএফ সদস্যরা। পরে গতকাল বৃহস্পতিবার র‍্যাবের মধ্যস্থতায় ব্যাংক ম্যানেজার নিজাম উদ্দিনকে উদ্ধার করা হয়। বৃহস্পতিবার সন্ধ্যায় রুমা উপজেলার বেথেলপাড়া দিয়ে তাকে উদ্ধার করে নিয়ে আসা হয়। পরে আজ তাকে পরিবারের কাছে ফিরিয়ে দিল র‍্যাব। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৫.০৪.২০২৪ এলিনা)

**বান্দরবানের আলীকদমে যৌথ চেকপোস্টে হামলা চালিয়েছে অস্ত্রধারীরা**

বান্দরবানের আলীকদমে পুলিশ ও সেনাবাহিনীর সাথে যৌথ চেকপোস্টে হামলা চালিয়েছে অস্ত্রধারীরা। বৃহস্পতিবার রাত একটার দিকে আলীকদম থানচি সীমান্তে ২৬ মাইলে তিন পাহাড় এলাকায় ওই চেকপোস্টে হামলা হয়। আলীকদম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা তবিদুর রহমান গণমাধ্যমকে এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন,গাড়ি চালিয়ে যৌথ চেকপোস্ট ভেঙ্গে দেওয়ার চেষ্টা করে সন্ত্রাসীরা। এ সময় তল্লাশি চৌকিতে থাকা পুলিশ, সেনা সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি ছোড়ে। উভয় পক্ষের মধ্যে বেশ কিছু সময় গোলাগুলি হয়েছে বলে জানান তিনি। এর আগে রাত সাড়ে আটটার দিকে বান্দরবানের থানচি বাজার এলাকায় পুলিশের সঙ্গে কেএনএফ সদস্যদের গোলাগুলি হয়। থানচি বাজার ও আশেপাশের এলাকায় গোলাগুলি শুরু হলে পুলিশের সঙ্গে বিজিবি ও সেনাবাহিনী যোগ দেয়। পরে এক ঘন্টা পর রাত প্রায় সাড়ে নয়টার দিকে গোলাগুলি থামে।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৫.০৪.২০২৪ এলিনা)

**নিহত যুবক সাইফুলের মরদেহ দুইদিন পর ফেরত দিয়েছে বিএসএফ**

চাঁপাইনবাবগঞ্জের রোকনপুর সীমান্তে বিএসএফের গুলিতে নিহত বাংলাদেশি যুবক সাইফুল ইসলামের মরদেহ দুইদিন পর ফেরত দিয়েছে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী বিএসএফ। শুক্রবার সকালে তার মরদেহ ফেরত দেয় বিএসএফ। ১৬ বিজিবির রোকনপুর কোম্পানি কমান্ডার আজাদ রহমান এই তথ্য নিশ্চিত করেছেন। এর আগে গত মঙ্গলবার দিবাগত রাতে চার থেকে পাঁচজনের একটি দল গোমস্তাপুর উপজেলার রাধানগর ইউনিয়নের রোকনপুর সীমান্ত দিয়ে ভারতে গরু আনতে যায়। এ সময় সীমান্তের আন্তর্জাতিক সীমানা পেরিয়ে ২১৯ এর কাছে ভারতের অভ্যন্তরে বিএসএফ এর ইটাভাটা ক্যাম্পের টহলরত সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি চালালে সাইফুল ঘটনাস্থলেই নিহত হয়। পরে বিএসএফ সাইফুলের মরদেহ ভারতের অভ্যন্তরে নিয়ে যায়। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৫.০৪.২০২৪ এলিনা)

**বিশ্বের দূষিত বাতাসের শহরের তালিকায় আজ ঢাকার অবস্থান অষ্টম**

প্রতিদিনই কোন না কোন কারণে বিশ্বের বিভিন্ন দেশে বেড়ে চলেছে বায়ু দূষণের মাত্রা। ঢাকার বায়ু দূষণ নিয়ে নেই স্বস্তির খবর। শুক্রবার সকালে ঢাকার বাতাস অস্বাস্থ্যকর অবস্থাতে ছিল বলে জানিয়েছে আন্তর্জাতিক বায়ুমান প্রযুক্তি প্রতিষ্ঠান আইকিউ এয়ার। তবে সবচেয়ে বেশি দূষিত থাইল্যান্ডের চিয়াংমাই শহরের বাতাস। এইদিন সকাল সাড়ে দশটার দিকে আইকিউ এয়ারের মানদন্ড অনুযায়ী ১৫০ এর স্কোর নিয়ে বিশ্বের দূষিত শহরের তালিকায় অষ্টম অবস্থানে রাজধানী ঢাকা, যা সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর বিবেচিত। ১৭৯ স্কোর নিয়ে বায়ু দূষণের শীর্ষে অবস্থান করছে থাইল্যান্ডের চিয়াংমাই শহর। ১৭০ স্কোর নিয়ে দ্বিতীয় অবস্থানে আছে নেপালের কাঠমুন্ডু শহর।

(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৫.০৪.২০২৪ এলিনা)

**ময়মনসিংহের হালুয়া ঘাটে মোটরসাইকেল দুর্ঘটনায় এক দম্পতি নিহত**

ময়মনসিংহের হালুয়া ঘাটে বিদ্যুতের খুটির সঙ্গে মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ হারিয়েছেন এক দম্পতি। শুক্রবার সকাল আটটার দিকে হালুয়াঘাট উপজেলা সীমান্তবর্তী সড়কের লক্ষী গোটা বাজার এলাকায় এই দুর্ঘটনা ঘটে। হালুয়াঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মাহবুবুল হক বিষয়টি নিশ্চিত করেছেন।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৫.০৪.২০২৪  আসাদ)

**বাংলাদেশকে এখন স্বাধীন নয়, ফ্যাসিবাদী রাষ্ট্র বলে মনে হয়: মির্জা ফখরুল**

বাংলাদেশকে স্বাধীন রাষ্ট্র নয়, ফ্যাসিবাদী রাষ্ট্র মনে হয় বলে মন্তব্য করেছেন বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল আলমগীর। তিনি বলেছেন আরো দৃঢ়ভাবে জাতীয় ঐক্য সৃষ্টি করে আন্দোলনের মাধ্যমে ফ্যাসিবাদী সরকারকে পরাজিত করা হবে। শুক্রবার জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন, ঢাকা সাংবাদিক ইউনিয়নের

একাংশের ইফতার মাহফিলে এসব কথা বলেন মির্জা ফখরুল। তিনি আরো বলেন এই সরকার হাত থেকে গণমাধ্যম ও রেহাই পায়নি। যারা লিখতে চান, মত প্রকাশ করতে চান তাদের দমনে ডিজিটাল সিকিউরিটি আইন করেছে। তাদেরকে তুলে নিয়ে নির্যাতন করে মারা হয়। ফ্যাসিবাদ শক্তি যখন আক্রমণ করে তখন কেউই রেহাই পায় না। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ০৫.০৪.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### পর্তুগাল ও বাহরাইনের রাষ্ট্রদূতদের পরিচয়পত্র গ্রহণ রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বাংলাদেশে নবনিযুক্ত পর্তুগাল ও বাহরাইনের রাষ্ট্রদূতদের কাছ থেকে বৃহস্পতিবার তাদের পরিচয়পত্র গ্রহণ করেন। অনাবাসিক রাষ্ট্রদূতরা হলেন, পর্তুগালের জোয়াও রিবেইরো দে আলমেদা এবং বাহরাইনের আবদুল রহমান মোহাম্মদ আলগাউদ। পরে রাষ্ট্রপতির প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন জানান, নতুন রাষ্ট্রদূতদের স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বলেন, 'বিশ্বের সব দেশের সঙ্গে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্ক উন্নয়নে কাজ করছে বাংলাদেশ।' তিনি বলেন, 'বর্তমান প্রেক্ষাপটে কূটনৈতিক সম্পর্ক উন্নয়নের পাশাপাশি বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানো খুবই গুরুত্বপূর্ণ। বর্তমান বিশ্ব পরিস্থিতিতে পারস্পরিক ও বহুপাক্ষিক সহযোগিতার কোনো বিকল্প নেই।'

বাংলাদেশের তৈরি পোশাক, ওষুধ, সিরামিক, চামড়া ও চামড়াজাত পণ্যসহ বিভিন্ন খাতে বিদ্যমান সম্ভাবনা তুলে ধরে রাষ্ট্রপতি পারস্পরিক সম্ভাবনাকে কাজে লাগাতে উদ্যোগ নিতে রাষ্ট্রদূতদের প্রতি আহ্বান জানান। সাক্ষাৎকালে পর্তুগাল ও বাহরাইনের রাষ্ট্রদূত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের প্রশংসা করেন। রাষ্ট্রদূতরা তাদের দেশের অর্থনৈতিক উন্নয়নে বাংলাদেশের শান্তিপ্রিয় ও দক্ষ কর্মীদের অবদান তুলে ধরেন। নতুন রাষ্ট্রদূতরা বাংলাদেশে দায়িত্ব পালনকালে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন। এসময় রাষ্ট্রপতির কার্যালয়ের সংশ্লিষ্ট সচিবরা উপস্থিত ছিলেন। এর আগে রাষ্ট্রদূতরা বঙ্গভবনে পৌঁছালে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের একটি চৌকস অশ্বারোহী দল তাদের 'গার্ড অব অনার' প্রদান করে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ প্রতীক)

### অচিরেই পার্বত্য চট্টগ্রামের পরিস্থিতি শান্ত হবে : সেতুমন্ত্রী

পার্বত্য চট্টগ্রামের সশস্ত্র তৎপরতা নিয়ে সরকার কঠোর অবস্থানে। সেখানে যৌথ অভিযান চলছে। অচিরেই পরিস্থিতি শান্ত হবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। শুক্রবার, ৫ই এপ্রিল রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউয়ে মৎস্যজীবী লীগের ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে একথা বলেন তিনি। মন্ত্রী বলেন, 'পার্বত্য চট্টগ্রামে একটা ক্ষুদ্র নৃগোষ্ঠী কিছু কিছু সশস্ত্র তৎপরতা শুরু করেছে। এই ক্ষুদ্র নৃগোষ্ঠীটি রাঙ্গামাটি, খাগড়াছড়িতে নেই। শুধু আছে বান্দরবানে। এই ক্ষুদ্র নৃগোষ্ঠীর কিছু তরুণ অস্ত্রশস্ত্রসহ মহড়া দিচ্ছে। এ ব্যাপারে আইনশৃঙ্খলা বাহিনী যৌথ অভিযান চালাচ্ছে। আশা করি অচিরেই পরিস্থিতি শান্ত হবে। এই ক্ষুদ্র নৃগোষ্ঠীর এই সশস্ত্র তৎপরতার ঘটনায় গোটা পার্বত্য অশান্ত হবে এটা মনে করার কোনো কারণ নেই।'

এ সময় মেট্রোরেলের ভাড়া বৃদ্ধির সংবাদে উষ্মা প্রকাশ করে মন্ত্রী জানান, 'হঠাৎ করে মেট্রোরেলের ভাড়ায় ১৫ শতাংশ ভ্যাট জুলাই থেকে বাড়বে, এই ঘোষণা কে দিলো এ সম্পর্কে আমরা কিছু জানি না। এটা নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলাপ করবো। গণপরিবহনে একটা বিশেষ সেবাধর্মী মেট্রোরেল। মানুষ এর সুবিধা পাচ্ছে। সরকারের উচ্চ পর্যায়ের কোনো ধরনের সিদ্ধান্ত হওয়ার আগেই হুট করে কারা এ ধরনের খবর দিলেন আমি জানি না।'

অনুষ্ঠানে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, 'আজ বাংলাদেশে কিছু কিছু দল নির্বাচন ঠেকাতে ব্যর্থ, আন্দোলনে ব্যর্থ। তারা বলেছিল সরকার নির্বাচন করতে পারবে না, তারা তা ঠেকাতে পারেনি। নির্বাচন হয়ে গেছে। তারপর বলেছে পাঁচদিনের সরকার টিকবে না। ৭ই জানুয়ারি থেকে তিন মাস হয়ে গেলো। বিএনপির এখন চেয়ে চেয়ে দীর্ঘশ্বাস ফেলা ছাড়া আর কিছু করার নেই। গণতন্ত্র তারা ধ্বংস করেছে। আর গণতন্ত্রকে শৃঙ্খলামুক্ত করেছেন শেখ হাসিনা।' সরকার দেশজুড়ে হরিলুট চালাচ্ছে, বিএনপির এমন বক্তব্যের সমালোচনা করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী প্রশ্ন রাখেন, কীভাবে হরিলুট চলছে? কোথায় হরিলুট চলছে? অন্ধকারে ঢিল ছুড়বেন না, সত্য বলুন। ৮০ ভাগ নেতা-কর্মী জেলে, মির্জা ফখরুল মায়াকান্না করে। তালিকাটা প্রকাশ করুন।'

ওবায়দুল কাদের বলেন, 'আজ পরিস্থিতি সামাল দিতে আমাদের অনেক কষ্ট হচ্ছে। পরিস্থিতি সামাল দিতে শেখ হাসিনা দিন-রাত কাজ করে যাচ্ছেন।' আওয়ামী মৎস্যজীবী লীগের সভাপতি সাইদুর রহমানের সভাপতিত্বে ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুস সোবহান গোলাপ, মৎস্যজীবী লীগের কার্যকরী সভাপতি সাইফুল আলম মানিক ও সাধারণ সম্পাদক শেখ আজগর নস্কর-সহ মৎস্যজীবী লীগের কেন্দ্রীয় ও মহানগরের নেতারা। পরে গরিব, অসহায় ও দুস্থ মানুষের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ প্রতীক)

### উত্তপ্ত বান্দরবান, পরিস্থিতি পরিদর্শনে যাচ্ছেন স্বরাষ্ট্রমন্ত্রী

নতুন করে পার্বত্য জেলা বান্দরবানের পাহাড়ি অঞ্চল দাপিয়ে বেড়াচ্ছে বিচ্ছিন্নতাবাদী সশস্ত্র সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট, কেএনএফ। যাদের সন্ত্রাস আর লুটপাটের কারণে আতঙ্কে পাহাড়ি জনগোষ্ঠী। বান্দরবানে সশস্ত্র হামলা ও ব্যাংকে লুটপাটের পর বর্তমানে সেখানে থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

তাই সেখানকার সার্বিক পরিস্থিতি পরিদর্শনে যাচ্ছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। শুক্রবার, ৫ই এপ্রিল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য কর্মকর্তা মোঃ শরীফ মাহমুদ অপু জানান, 'শনিবার, ৬ই এপ্রিল ঢাকা থেকে হেলিকপ্টারযোগে বান্দরবানে যাবেন স্বরাষ্ট্রমন্ত্রী। মন্ত্রী বান্দরবানের রুমাসহ বিভিন্ন এলাকা পরিদর্শন করবেন। এ সময় তিনি বান্দরবানের জেলা প্রশাসক ও পুলিশ সুপারসহ উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় করবেন। শনিবার দুপুরে বান্দরবান সার্কিট হাউজে মত বিনিময় শেষে ঢাকার উদ্দেশ্যে যাত্রা করবেন তিনি। ঢাকা থেকে স্বরাষ্ট্রমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে যাবেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী।

এদিকে অপহরণের ৪৮ ঘণ্টা পর সোনালী ব্যাংকের বান্দরবানের রুমা শাখার ম্যানেজার নেজাম উদ্দীনকে সম্পূর্ণ সুস্থ অবস্থায় উদ্ধার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন, র‍্যাব। র‍্যাব বলছে, ব্যাংক ম্যানেজারকে নিরাপদে উদ্ধারে কোনো ঝুঁকি নেননি সদস্যরা। গোয়েন্দা কার্যক্রমের বিভিন্ন কৌশলের মধ্যে একটি কৌশল অবলম্বন করে তাকে উদ্ধার করা হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ প্রতীক)

## অস্তিত্বের ভয়ে আবোল-তাবোল বলছে বিএনপি : আইনমন্ত্রী

ভারতের বিষয়ে বিএনপির অবস্থান প্রসঙ্গে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, 'কোনো রাজনৈতিক দল যখন অস্তিত্বের ভয়ে থাকে তখনই তারা আবোল-তাবোল বলে। বিএনপিও আবোল-তাবোল বলছে, তা আমলে নেওয়ার নয়।' শুক্রবার, ৫ই এপ্রিল দুপুরে ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলা পরিষদের সামনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে একথা বলেন মন্ত্রী।

পরে তিনি উপজেলা পরিষদ মিলনায়তনে ৮০ জন নারী উদ্যোক্তার মধ্যে ল্যাপটপ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন। জেলা প্রশাসন এবং ব্রাহ্মণবাড়িয়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদফতরের হার পাওয়ার প্রকল্পের আওতায় এসব ল্যাপটপ বিতরণ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ হাবিবুর রহমান। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার শাখাওয়াত হোসেন, কসবা উপজেলা পরিষদ চেয়ারম্যান রাশেদুল কায়সার ভূঁইয়া জীবন, উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহরিয়ার মুক্তার প্রমুখ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ প্রতীক)

## জুমাতুল বিদায় রোজা কবুলের আর্তি মুসল্লিদের

চলতি রমজানের শেষ জুমা বা জুমাতুল বিদা আজ শুক্রবার। এদিন মসজিদগুলোতে জুমার নামাজে ছিল মুসল্লিদের উপচে পড়া ভিড়।জুমার দুই রাকাত ফরজ নামাজ শেষে মোনাজাতে মহান আল্লাহর কাছে গুনাহ থেকে ক্ষমা চাইতে থাকেন মুসল্লিরা। অনেকে মহান সৃষ্টিকর্তার কাছে চোখের জলে মৃত বাবা-মা, আত্মীয়-স্বজনসহ মুসলিম নর-নারীর রুহের মাগফিরাত কামনা করেন। এছাড়া রোজা কবুল করে নিতে আল্লাহর কাছে আর্তি ছিল সবার। শুক্রবার, ৫ই এপ্রিল ২৫ রমজান। চাঁদ দেখা সাপেক্ষে আগামী বুধবার বা বৃহস্পতিবার, ১০ বা ১১ই এপ্রিল দেশে মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে।

আজ জুমাতুল বিদা হওয়ায় জুমার আজানের আগেই মুসল্লিরা মসজিদে আসতে শুরু করেন। দুপুর ১টা বাজতে না বাজতেই মসজিদগুলো মুসল্লিতে কানায় কানায় পূর্ণ হয়ে যায়। অনেক স্থানে মসজিদে জায়গা না পেয়ে জুমার জামাতে শামিল হতে রাস্তায় কাতারবন্দি হয়ে দাঁড়িয়ে যান মুসল্লিরা। দেশের শান্তি-সমৃদ্ধি কামনা ছাড়াও ফিলিস্তিনে নির্যাতিত মুসলমানদের জন্য দোয়া হয়েছে সব মসজিদেই। ঈদ উপলক্ষে প্রিয়জনের সঙ্গে সাক্ষাতের জন্য যারা দূরদূরান্তে যাবেন, তাদের যাত্রা যাতে নিরাপদ হয় সেই দোয়াও করেছেন মুসল্লিরা। রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদে জুমার নামাজে মুসল্লিদের দল নেমেছিল। যাত্রাবাড়ীর মাতুয়াইলের বায়তুল আমান চান বানু জামে মসজিদে জুমার নামাজে মুসল্লিদের উপচে পড়া ভিড় দেখা গেছে।

সওয়াবের আশায় মুসল্লিরা দানও করেছেন। জমাতুল বিদা উপলক্ষে মসজিদগুলোর সামনে ভিক্ষুকদের ভিড়ও ছিল বেশি। ইসলামের ইতিহাস অনুযায়ী, রমজান মাসের শেষ শুক্রবার আল্লাহর নবী হজরত দাউদ (আ:) এর পুত্র হজরত সুলায়মান (আ:) জেরুজালেম নগরী প্রতিষ্ঠা করেন। সেখানে পুনর্নির্মাণ করেন মুসলমানদের প্রথম কিবলাহ ‘মসজিদুল আকসা’। এ জন্য প্রতি বছর সারা বিশ্বের মুসলমানদের কাছে রমজান মাসের শেষ শুক্রবার ‘আল কুদস’ দিবস হিসেবেও পরিচিত। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ প্রতীক)

## টাকা লুট আর সক্ষমতা জানান দিতেই কেএনএফের হামলা : র‍্যাব

বান্দরবানের রুমা-থানচিতে ব্যাংক ডাকাতি, অস্ত্র লুট ও হামলার ঘটনাটি মূলত টাকা লুট ও কেএনএফের সক্ষমতা জানান দিতেই হয়েছে বলে মনে করছেন র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন, র‍্যাব-এর লিগ্যাল এ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন। শুক্রবার, ৫ই এপ্রিল বেলা ১১টায় বান্দরবান পার্বত্য জেলা পরিষদ সম্মেলন কক্ষে ব্যাংক ম্যানেজারকে উদ্ধার পরবর্তী সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

খন্দকার আল মঈন বলেন, 'বান্দরবান জেলায় বেশ কয়েকটি আঞ্চলিক সংগঠন রয়েছে। তাদের মধ্যে শ্রেষ্ঠতা, উত্তরসুরিদের অনুপ্রেরণা ও বিশ্বে তাদের সহযোগীদের সক্ষমতা জানান দিতেই এ ঘটনাটি কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট, কেএনএফ-এর সশস্ত্র সদস্যরা ঘটিয়েছে। তবে সিসিটিভি ফুটেজ দেখে জড়িতদের আইনের আওতায় আনা হবে।'

এর আগেও কুকি-চিন সদস্যরা টাকার বিনিময়ে জঙ্গিদের অস্ত্র পরিচালনা প্রশিক্ষণ দেওয়াসহ নানা অপরাধমূলক কর্মকাণ্ডে লিপ্ত ছিল বলে জানান তিনি। ব্যাংক ম্যানেজার ও অস্ত্র উদ্ধারের বিষয়ে তিনি বলেন, রুমা থেকে লুট হওয়া

অস্ত্র ও গোলা উদ্ধার করা না গেলেও র‍্যাব, সেনাবাহিনী ও পুলিশসহ সবার প্রচেষ্টায় কোনোরূপ ঝুঁকি না নিয়ে ব্যাংক ম্যানেজার নেজাম উদ্দিনকে সুস্থ অবস্থায় উদ্ধার করা হয়েছে। তবে গোপনীয়তার কারণে রুমার কোন স্থান থেকে ম্যানেজারকে উদ্ধার করা হয়েছে তা জানাননি তিনি। এছাড়া এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে অভিযান ও পুলিশ প্রশাসনের পক্ষ থেকে মামলা চলমান রয়েছে বলেও জানান তিনি।

সংবাদ সম্মেলনে লেফটেন্যান্ট কর্নেল এইচ এম সাজ্জাদ হোসেন-সহ বিভিন্ন পর্যায়ের সদস্য ও জেলায় কর্মরত বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ প্রতীক)

## সদরঘাট পর্যন্ত মেট্রোরেল সংযোগের চিন্তা-ভাবনা চলছে : নৌ-প্রতিমন্ত্রী

পুরান ঢাকার সদরঘাট পর্যন্ত মেট্রোরেলের সংযোগ নেওয়ার বিষয়ে চিন্তা-ভাবনা হচ্ছে বলে জানিয়েছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। তিনি বলেন, 'সদরঘাটের সঙ্গে মেট্রোরেলের কানেকশন যেন হয় সে বিষয়েও চিন্তা-ভাবনা চলছে। ঢাকা শহরে বসবাসকারী দক্ষিণাঞ্চলবাসীও মেট্রোরেলে করে সদরঘাট আসতে পারবেন। এটা অল্প কিছুদিনের মধ্যেই পাবে। সমন্বিত উন্নয়ন নিয়ে কাজ করছেন প্রধানমন্ত্রী। সদরঘাটও এই সুবিধা পাবে।'

শুক্রবার, ৫ই মার্চ ঢাকা সদরঘাট লঞ্চ টার্মিনাল এলাকা পরিদর্শনকালে প্রতিমন্ত্রী এ কথা বলেন। খালিদ মাহমুদ চৌধুরী বলেন, 'পদ্মা সেতু নির্মাণের মাধ্যমে সদরঘাটের চিরায়িত চিত্র বদলে গেছে। এখানেও শৃঙ্খলা ফিরে এসেছে। পদ্মা সেতু নির্মাণের আগে এটা কোনোভাবেই সম্ভব ছিল না। আগে স্পিড বোটে শ্যামপুর থেকে সদরঘাটে আসতে হয়েছে। আমি সরাসরি রাস্তা দিয়ে এখানে আসতে পারিনি। কারণ গোলাপ শাহ মাজার থেকে এ পর্যন্ত লোকে লোকারণ্য হয়ে যেতো।' এখন পদ্মা সেতুর কারণে শৃঙ্খলা ফিরে এসেছে। আমরা নৌপরিবহন মন্ত্রণালয় এবং বিআইডব্লিউটিএর পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতা জানাই।

মানুষের মধ্যে আনন্দ দেখতে পাচ্ছি, স্বাভাবিকভাবে লঞ্চে চলাচল করতে পারছে, কোনো ধাক্কাধাক্কি নেই।' প্রতিমন্ত্রী বলেন, 'আগে দেখতাম লঞ্চে জায়গা নেওয়ার জন্য রাত ৮টায় লঞ্চে ছেড়ে যাবে কিন্তু যাত্রীরা সকাল বেলা এসে লঞ্চে বসে থাকতো দুপুরের খাবার নিয়ে। বর্তমানে সে অবস্থাটা নেই। আস্তে আস্তে এই পরিস্থিতি আরো স্বাভাবিক হয়ে যাবে।' তিনি বলেন, 'সাংবাদিকদের কাছে একটা লোভনীয় ছবি ছিল যে পুরো লঞ্চ থেকে ছাদ পর্যন্ত শুধু মানুষ আর মানুষ। এই ছবি কিন্তু এখন আর পাওয়া যাবে না। গতকাল আমি ফেসবুকে একটা ছবি দেখছিলাম। বললাম এটা এখন একটা ইতিহাস, এটা আর ফিরে আসবে না।'

সদরঘাটের কর্মীরা এখন একটু স্বস্তিতে আছেন মন্তব্য করে নৌ-প্রতিমন্ত্রী বলেন, 'নতুন নতুন পন্টুন ও গ্যাংওয়ে দেওয়া হয়েছে, পরিবেশ ধরে রাখার জন্য অনেক লঞ্চ মালিকেরা ই-টিকেটিং ব্যবস্থা চালু করেছে। কারণ এই জায়গায় ভালো সার্ভিস দিতে না পারলে মানুষ বিমুখ হয়ে যাবে। পরিবেশ ভালো আছে, আমাদের লোকজন যথাসাধ্য চেষ্টা করছে। যাত্রী সাধারণকে সেবা দেওয়ার জন্য এই প্রচেষ্টা অব্যাহত থাকবে।' তিনি বলেন, 'দক্ষিণাঞ্চলের মানুষ অনেকটা পিছিয়ে ছিল। তাদের তুলে আনার জন্য পায়রা বন্দর করা হয়েছে। বন্দরটি হওয়াতে ওই অঞ্চলের সিনারিও পরিবর্তন হয়েছে। কাজেই পদ্মা সেতু এবং পায়রা বন্দর দক্ষিণাঞ্চলের চেহারা পরিবর্তন করে দিয়েছে। আগামী দিনে সদরঘাট আরো ফিটফাট হবে।'

এ সময় বিআইডব্লিউটিএর চেয়ারম্যান কমোডর আরিফ আহমেদ মোস্তাফা, নৌ পরিবহন অধিদফতরের মহাপরিচালক কমডোর এম মাকসুদ আলম, নৌ পরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সাজিদুল ইসলাম, যুগ্ম-সচিব মোস্তফা কামাল, বিআইডব্লিউটিএর সদস্য সেলিম ফকির উপস্থিত ছিলেন। প্রতিমন্ত্রী এদিন সদরঘাটে নৌযান ও ঘাট কর্মীদের মধ্যে ইফতার বিতরণ করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ প্রতীক)

## ৬ দিনের ছুটি পেতে যাচ্ছে সংবাদপত্র, ঘোষণা কাল

এবারের পবিত্র ঈদুল ফিতরে টানা ৬ দিনের ছুটি পেতে যাচ্ছেন সংবাদপত্রে কর্মরত সাংবাদিক, কর্মকর্তা ও কর্মচারীরা। এ বিষয়ে চূড়ান্ত ঘোষণা হবে আগামীকাল শনিবার। প্রচলিত রেওয়াজ অনুযায়ী প্রতিবছর ২৯ রমজান থেকে ঈদে তিন দিনের ছুটি ভোগ করেন সংবাদকর্মীরা। রোজা ৩০টি পূর্ণ হলে এই ছুটি চার দিনে পরিণত হয়। সে হিসাবে ৯ থেকে ১২ই এপ্রিল পর্যন্ত ছুটি হওয়ার কথা। কিন্তু এবার ঈদের ছুটির এক দিন পর ১৪ই এপ্রিল পহেলা বৈশাখ হওয়ায় বড় ছুটির ফাঁদে পড়তে যাচ্ছে সংবাদমাধ্যম।

এ জন্য ১৩ই এপ্রিল বিশেষ ছুটি ঘোষণার সিদ্ধান্ত নিতে যাচ্ছে সংবাদপত্রের মালিকদের সংগঠন নিউজপেপার ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ, নোয়াব। শনিবার, ৬ই এপ্রিল নোয়াবের বৈঠক শেষে এ বিষয়ে আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হবে। ফলে ৯ থেকে ১৪ই এপ্রিল টানা ৬ দিন ছুটি পেতে পারেন সংবাদকর্মীরা। সূত্র জানায়, ১৩ই এপ্রিল বিশেষ ছুটি ঘোষণার বিষয়ে নোয়াবের সংখ্যাগরিষ্ঠ সদস্য নীতিগতভাবে সম্মত হয়েছেন। তাছাড়া এদিন পত্রিকা প্রকাশ হলেও সংবাদপত্র বিপণন সংস্থা সংবাদপত্র হকার্স কল্যাণ বহুমুখী সমিতি তা বিপণনে অপারগতা জানিয়েছে।

অন্যদিকে ঈদের ছুটির এক দিন পরই পহেলা বৈশাখের ছুটি থাকায় সাংবাদিকদের শীর্ষ সংগঠন বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন, বিএফইউজে ও ঢাকা সাংবাদিক ইউনিয়ন, ডিইউজে নোয়াবের কাছে ১৩ই এপ্রিল বিশেষ ছুটি ঘোষণার আহ্বান জানিয়েছে। তবে এবার ঈদের ছুটি ৬ দিন হলে এটি অনন্য রেকর্ড হবে। কারণ স্বাধীনতার পর আর কখনো সংবাদমাধ্যম টানা ৬ দিন বন্ধ থাকেনি। জানতে চাইলে নোয়াবের কোষাধ্যক্ষ ও মানবজমিন পত্রিকার প্রধান

সম্পাদক মতিউর রহমান চৌধুরী বলেন, 'এবার ঈদের ছুটির মাঝে এক দিনের ব্যবধানে যেহেতু পহেলা বৈশাখ পড়েছে তাই মাঝের এক দিন বিশেষ ছুটি দেওয়া যায় কি না, তা নিয়ে নোয়াবে আলোচনা হচ্ছে। শনিবার এ বিষয়ে সিদ্ধান্ত জানা যাবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ প্রতীক)

**বান্দরবানের রুমা ও থানচিতে ৬ মামলা**

বান্দরবানের রুমা ও থানচিতে পৃথক তিনটি ব্যাংকে ডাকাতি, পুলিশ ও আনসারের অস্ত্র লুট, থানায় হামলা ও ব্যাংক ম্যানেজারকে অপহরণের ঘটনায় ছয়টি মামলা করা হয়েছে। শুক্রবার, ৫ই এপ্রিল সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেছেন চট্টগ্রাম রেঞ্জের অতিরিক্ত ডিআইজি, প্রশাসন সঞ্জয় সরকার।

মঙ্গলবার, ২রা এপ্রিল রাত সাড়ে ৯টার দিকে রুমা সোনালী ব্যাংকে সন্ত্রাসীরা হামলা চালিয়ে ব্যাংকের নিরাপত্তায় নিয়োজিত পুলিশ ও আনসার সদস্যদের ১৪টি আগ্নেয়াস্ত্র লুটপাট করে। ভল্টের টাকা নিতে না পেরে ম্যানেজার নেজাম উদ্দিনকে অপহরণ করে নিয়ে যায় তারা। পরদিন থানচি বাজারের সোনালী ব্যাংক ও কৃষি ব্যাংকে হামলা চালায় সন্ত্রাসীরা। এসময় কৃষি ব্যাংক থেকে দুই লাখ ৪২ হাজার টাকা এবং সোনালী ব্যাংক থেকে আনুমানিক ১৫ লাখ টাকা নিয়ে যায় ডাকাতরা।

সবশেষ বৃহস্পতিবার রাতে রুমা থেকে সোনালী ব্যাংকের ম্যানেজার নেজাম উদ্দিনকে উদ্ধার করে র‍্যাব। কিন্তু এ ঘটনার দুই ঘণ্টার মধ্যে আবারো থানচি বাজার ও থানায় হামলা করে সন্ত্রাসীরা। এসময় সন্ত্রাসীদের প্রতিহত করতে অন্তত ৫০০ রাউন্ড গুলি ছোড়ে পুলিশ। ওইদিন মধ্যরাতে বান্দরবানের আলীকদম ২৬ মাইল এলাকায় নিরাপত্তা বাহিনীর একটি চেকপোস্টেও গুলির ঘটনা ঘটে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ প্রতীক)

**ফেনীতে ট্রাকে ট্রেনের ধাক্কায় নিহত বেড়ে ৬**

ঢাকা-চট্টগ্রাম রেলপথের ফেনীতে একটি বালুভর্তি ট্রাকে রেলের ধাক্কায় আহত আরও চারজন মারা গেছেন। এ নিয়ে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়ালো ছয়জনে। শুক্রবার (৫ এপ্রিল) সকালের দিকে ফেনীর ছাগলনাইয়া উপজেলার মুহুরীগঞ্জ ব্রিজ সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, ঢাকা থেকে ছেড়ে আসা মেইল ট্রেনটি সকাল ৮টা ২০ মিনিটের দিকে ফেনীর মুহুরীগঞ্জ ব্রিজ সংলগ্ন রেলক্রসিং পার হচ্ছিল। এসময় একটি বালুভর্তি ট্রাকের সঙ্গে ধাক্কা লাগে। এতে ট্রাকটি রেললাইন থেকে সটকে পড়ে।

তাৎক্ষণিকভাবে ঘটনাস্থল থেকে উদ্ধার করে দু'জনকে ফেনী জেনারেল হাসপাতালে ও কয়েকজনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ফেনী রেলওয়ে পুলিশেরসহকারী উপ-পরিদর্শক (এএসআই) শাহ আলম বলেন, ঘটনাস্থল থেকে মিজান ও আবুল খায়েরকে উদ্ধার করে ফেনী জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন। আশিক (১৪) নামের আরেকজনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে বলে শুনেছি। বাকি তিনজনও হাসপাতালে মারা যান।

ছয়জন নিহতের বিষয়টি নিশ্চিত করে ফেনীর পুলিশ সুপার জাকির হাসান বলেন, ঘটনার সময় দায়িত্বরত গেটম্যান অনুপস্থিত ছিলেন বলে রেলপুলিশ থেকে জানতে পেরেছি। এ বিষয়ে অবশ্যই আইনগত ব্যবস্থা নেওয়া হবে।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০৪.২০২৪ নারগীস)

# BBC ENGLISH

**JACOB FLICKINGER: PARENTS CONDEMN SON'S DEATH IN GAZA AS A 'CRIME'**

Mr Flickinger, 33, a US-Canadian, was one of seven people killed in a strike on a World Central Kitchen convoy. Israel's military apologized and called the attack a tragic mistake. It has promised a full investigation. His parents however said that his death was a "crime" and rejected the apology. John Flickinger and Sylvia Labrecque said there was a "hole in their hearts", and that Jacob's wife Sandy and 18-month old son Jasper were bereft without a husband and father. Speaking from Quebec, they said he and the other workers were killed while travelling on a road designated by Israel as a safe humanitarian route. Mr Flickinger said the charity had reported 24 hours in advance that their convoy would be dropping food at a warehouse, and stayed in touch with the Israel Defense Forces throughout the process, But still Israel attacked and "they continued firing until all the workers were dead," he said. "Israel owes the families and the world an explanation." (BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**SAMSUNG: TECH GIANT SEES PROFITS JUMP BY MORE THAN 900%**

It comes as prices of chips have recovered from a post-pandemic slump and demand for artificial intelligence (AI) related products booms. South Korea-based Samsung is the world's largest maker of memory chips, smartphones and televisions. The company is scheduled to release a detailed financial report on 30 April. The technology giant estimated that its operating profit rose to 6.6 trillion won ($4.9bn; £3.9bn) in the January-March quarter, 931% higher than the same period in 2023. That beat analysts' expectations of around 5.7 trillion won. Its earnings are expected to be boosted by a rebound in semiconductor prices on the global market after a severe

downturn a year earlier. Global memory chip prices are estimated to have risen by around a fifth in the last year. (BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**GAZA EVACUATION WARNINGS FROM IDF CONTAIN MANY ERRORS, BBC FINDS**

Warnings contained contradictory information and sometimes misnamed districts. This made them confusing to Gazans seeking safety. Experts say such mistakes could violate Israel's international law obligations. The Israel Defense Forces (IDF) has rejected any assertion the warnings were confusing or contradictory. In a statement, it said the alerts analyzed by the BBC were only one element of its "extensive efforts to encourage the evacuation [of] civilians out of harm's way". International humanitarian law requires attacking forces to give effective advance warning of attacks which may affect the civilian population, unless circumstances do not permit. Israel says its warning system is designed to help civilians flee danger as it continues its war against Hamas. The system divides a map of Gaza into hundreds of numbered blocks. Israel has produced an interactive online map of the blocks that geo-locates users, showing their live location and which block number they are in. This IDF post from late January shows a social media post on X with a link through via QR code to the master block map.

(BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**FLORIDA CRANE COLLAPSE KILLS CONSTRUCTION WORKER**

Crews were in the process of increasing the crane's height when a section of it came loose, officials said. Pictures from the scene show the huge metal structure fell onto a car that was driving across a bridge, crushing the front of it. A construction worker died after falling with the crane section. Two of those injured were taken to hospital while a third was treated at the scene. Officials said the collapse happened around 16:30 local time on Thursday. At a news conference, they said a construction crew working on a high-rise was in the process of "stepping the crane" by adding sections to it to make it taller when a platform fell from the building, along with pieces of the crane. They added that the crane itself remained attached to the building. Officials did not name the victims, including the construction worker who died.

(BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**AUSTRALIA'S SEVEN NETWORK DENIES BUYING INTERVIEWEE SEX AND DRUGS**

A former Seven Network producer, Taylor Auerbach, made the allegations while giving evidence in a defamation case. Bruce Lehrmann is suing another channel, Network 10, over what he says are false claims he raped a colleague. Seven has faced intense scrutiny over its exclusive with Mr Lehrmann but says it "acted appropriately at all times". "Seven is appalled by the allegations made in recent days. We do not condone the behaviors described in these allegations. They do not reflect the culture of Seven," a spokesperson said. The accusations have prompted a last-minute resumption of Mr Lehrmann's defamation case - likened to a quasi-criminal trial - just two days before the judgement was set to be delivered. (BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**ARGENTINA BATTLES DENGUE SURGE AND REPELLENT SHORTAGE**

Dengue is a mosquito-borne virus that can be deadly, or cause serious illness, in some cases.

A vaccine for dengue has been developed but its rollout is still in early stages and most people still rely on preventative measures to avoid the virus. Residents report that it is almost impossible to buy repellent. Many supermarkets and pharmacies have displayed "no repellent" signs, and in the few places where it is still available, especially online, resale prices are astronomical. The government has attributed the problem to a "bottleneck" that will be corrected in the coming days. But many citizens, particularly in the capital Buenos Aires, are fearful at a time when hundreds of thousands of Argentines have already been infected. A shortage of repellents began to be noticed in March. Sources from one of the companies that produce repellents in the country told BBC Mundo that the shortages were due to a forecast error and that manufacturing the product took months. Minister of Health Mario Russo told Radio Continental that it was a "problem between supply and demand". Dengue is most common in tropical and subtropical climates and its symptoms include a high fever, severe headaches, swollen glands and rashes.

(BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**GAZA WAR: WHERE DOES ISRAEL GET ITS WEAPONS?**

Israel is a major weapons exporter, but its military has been heavily reliant on imported aircraft, guided bombs and missiles to conduct what experts have described as one of the most intense and destructive aerial campaigns in recent history. Campaign groups and some politicians among Israel's Western allies say arms exports should be suspended because, they say, Israel is failing to do enough to protect the lives of civilians and ensure enough humanitarian aid reaches them.

On Friday, the UN Human Rights Council backed a weapons ban, with 28 countries voting in favor, six against and 13 abstentions. The US and Germany - which account for the vast majority of Israel's arms imports - both voted against. Germany said it did so because the resolution did not explicitly condemn Hamas. The war was triggered by Hamas's attack on Israel on 7 October, which killed about 1,200 people, mainly civilians, according Israeli tallies. More than 33,000 people have been killed in Gaza, 70% of them children and women, the Hamas-run health ministry says. (BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**NEW YORK BUILDINGS RATTLED BY RARE EAST COAST EARTHQUAKE**

The United States Geological Survey said the magnitude-4.8 quake's epicenter was just north-east of Whitehouse Station, New Jersey. A UN Security Council meeting on Gaza at its New York headquarters was temporarily paused due to the tremor. "Is that an earthquake?" said Save the Children representative Janti Sofrito, who was speaking at the time. Buildings were shaken in Brooklyn, rattling cupboard doors and fixtures, The earthquake hit at around 10:20 local time (15:20 GMT). There are no reports of major damage. Social media users reported feeling the earthquake from Philadelphia up to New York and eastward along the coast.

(BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**ARSENAL FOOTBALLER ZINCHENKO WOULD FIGHT IN UKRAINE IF CALLED UP**

The 27-year-old told BBC Newsnight he has donated about £1m to help people in his home country since Russia's full-scale invasion in 2022. He said Ukraine has become a "shield" for Europe and called for more support. On Wednesday, the country's president signed into law a bill lowering the military mobilization age from 27 to 25. This would allow the country to call up more people to replenish its reserves and comes after President Volodymyr Zelensky said in December that the country would need 500,000 more soldiers to be mobilized. BBC Newsnight asked the footballer whether he would answer a call-up to fight, if he saw more value in that than staying to play football in the Premier League. (BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**MCDONALD'S TO BUY BACK ISRAELI RESTAURANTS AFTER BOYCOTTS**

The fast-food giant was criticized after its Israeli franchise gave away thousands of free meals to Israeli soldiers. McDonald's said it had reached a deal with franchisee Alonyal to return 225 outlets. It said in January the Israel-Hamas war had "meaningfully impacted" business. Widespread protests affected sales in the Middle East, Indonesia and France. Alonyal, which is led and owned by chief executive Omri Padan, has operated McDonald's restaurants in Israel for more than 30 years. McDonald's uses a franchise system which means that individual operators are licensed to run outlets and employ staff. The boycott of McDonald's was sparked after Muslim-majority countries such as Kuwait, Malaysia and Pakistan issued statements distancing themselves from the firm. (BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**ISRAEL-GAZA: INSIDE IDF'S DETAILED BRIEFING ON AID CONVOY ATTACK**

Retired Maj Gen Yoav Har-Even described how the IDF's drone operators mistook an aid worker carrying a bag for a gunman, and then targeted one of the World Central Kitchen vehicles with a missile. The IDF then described how two people escaped that vehicle and got into a second car, which was hit by another missile from a drone. The military confirmed that there were survivors from the second explosion, who managed to get into the third vehicle - which was then also hit by a missile. By the end, all the aid workers were dead. The IDF's investigation concluded that the army unit involved had believed the vehicles they were tracking from the sky had been taken over by Hamas gunmen, and that they were not aware of the coordination procedures put in place between the military and World Central Kitchen for that evening.

(BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**UKRAINE WAR: SIX RUSSIAN PLANES DESTROYED BY DRONES, SAYS KYIV**

Security sources told BBC Ukrainian eight more aircraft were badly damaged, and 20 service personnel could have been killed or injured. The Morozovsk base houses Su-27 and Su-34 aircraft used on the front line in Ukraine, the sources said. There has been no word from Russia on reports of an airfield attack. The BBC has been unable to independently verify the reports. However, Russian officials said that more than 40 drones had been aimed at the region, which borders Ukraine. BBC Russian military analyst Pavel Aksyonov says an attack by so many drones over a short space of time could have overwhelmed air defenses.

(BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

**ISRAEL MILITARY SACKS SENIOR OFFICERS AFTER AID WORKERS KILLED IN GAZA**

The Israeli military has sacked two senior officers after seven World Central Kitchen (WCK) aid workers were killed in a strike in Gaza on Monday. The IDF's inquiry into the incident says some workers survived initial air strikes, but were killed when a third car was hit. The BBC's Middle East bureau chief in Jerusalem attended a late night briefing on the IDF's response and is analyzing the key lines. WCK has called for an independent commission to investigate the killings, saying Israel's apologies "represent cold comfort" for the victims' families. The charity and other aid agencies have paused their operations in Gaza, where the UN estimates 1.1 million people - half the population - are facing catastrophic hunger. (BBC Web page : 05.04.2024 Ali Ahmed)

THE END